NARSINGHA




ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী




৩ পশ্চিমবঙ্গ সফরে জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন

আদালতের রায়ে হাসপাতালে রোগীদের খাবারের বরাদ্দ বৃদ্ধিতে স্বস্তি নবান্নের ৩

কলকাতা ৫ অগস্ট ২০২৬ ১৯ শ্রাবণ ১৪৩৩ বুধবার বিংশ বর্ষ ৫৬ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 05.08.2026, Vol.20, Issue No. 56, 8 Pages, Price 3.00

## ভবানীপুরে মুখ্যমন্ত্রীর নেতৃত্বে তেরঙ্গা যাত্রার প্রস্তুতি

**নিজস্ব প্রতিবেদন:** নিজের বিধানসভা কেন্দ্র ভবানীপুরে জাতীয় পতাকা হাতে তেরঙ্গা যাত্রার প্রস্তুতি ইতিমধ্যেই শুরু করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সবকিছু পরিকল্পনা অনুযায়ী এগোলে আগামী শুক্রবার বিকেলে ভবানীপুরের বিভিন্ন এলাকা জুড়ে এই কর্মসূচি অনুষ্ঠিত হবে বলেই দলীয় সূত্রে খবর।

রাজ্য প্রশাসন সূত্রে জানা যাচ্ছে, এই মিছিলের অনুমতির বিষয়ে পুলিশ-প্রশাসনকে ইতিমধ্যেই জানানো হয়েছে। তবে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে ষড়যন্ত্রের প্রেক্ষিতে সাম্প্রতিক নিরাপত্তা পরিস্থিতির কথা মাথায় রেখেই তার শোভাযাত্রার পথ ও কর্মসূচির বিস্তারিত এখনও প্রকাশ করা হয়নি।

সম্প্রতি দিল্লিতে নিট পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসকে কেন্দ্র করে আন্দোলনের সময় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং তৎকালীন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান-সহ বিজেপি নেতৃত্বকে লক্ষ্য করে অশালীন মন্তব্য করা হয়েছিল বলে অভিযোগ ওঠে। তার প্রতিবাদে গত সপ্তাহে কলকাতায় জাতীয় পতাকা হাতে মিছিল করে বিজেপি। সেই মিছিলের ধারাবাহিকতাতেই এবার ভবানীপুরে মুখ্যমন্ত্রীর নেতৃত্বে তেরঙ্গা যাত্রার আয়োজন করা হচ্ছে বলে রাজনৈতিক মহলের একাংশের ধারণা।

এছাড়াও ভবানীপুরের বিধায়ক নির্বাচিত হওয়ার পর এলাকাবাসীকে ধন্যবাদ জানিয়ে একটি র্যালি করেছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। যদিও এরপর তাঁর বিধানসভা কেন্দ্রে বড় কোনও রাজনৈতিক কর্মসূচিতে তাঁকে দেখা যায়নি। ফলে শুক্রবারের সম্ভাব্য তেরঙ্গা যাত্রাকে ঘিরে রাজ্যের রাজনৈতিক মহলে কৌতূহল তৈরি হয়েছে। এই শোভাযাত্রার রাজনৈতিক দিক থেকেও ভবানীপুরের মুখ্যমন্ত্রীর জনপ্রিয়তা ও জনসংযোগের বিষয়টি যথেষ্ট গুরুত্বপূর্ণ। দীর্ঘদিন ধরে এই কেন্দ্র তৃণমূল নেত্রী তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের রাজনৈতিক ঘাঁটি হিসেবে পরিচিত ছিল। তাঁর বাসভবনও এই কেন্দ্রের মধ্যেই অবস্থিত।

## নেহরু চিলড্রেন্স মিউজিয়াম রক্ষায় উদ্যোগী মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদন: কলকাতার অন্যতম ঐতিহ্যবাহী নেহরু চিলড্রেন্স মিউজিয়াম বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কার তৈরি খবরের মধ্যেই ঐতিহ্যবাহী এই মিউজিয়াম রক্ষায় সক্রিয় হল মুখ্যমন্ত্রীর দপ্তর। মিউজিয়াম কর্তৃপক্ষের দাবি, প্রতিষ্ঠানটি চালু রাখতে সম্ভাব্য সবরকম সহযোগিতার পথ খতিয়ে দেখা হচ্ছে। আর খুব দ্রুতই সরকারি স্তরে বৈঠক হওয়ার সম্ভাবনা রয়েছে।**

**এই প্রসঙ্গে মিউজিয়ামের ডিরেক্টর সুদীপ শ্রীমাল জানান, মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা সুব্রত গুপ্তের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা হবে। পাশাপাশি রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্যের সঙ্গেও প্রাথমিক কথা হয়েছে। তাঁর কথায়, 'সুব্রত গুপ্তের সঙ্গে এ বিষয়ে কথা হবে। শমীকবাবুর সঙ্গেও এ বিষয়ে কথা হয়েছে।'**

**সূত্রের খবর, অগ্নিনির্বাপণ ব্যবস্থার জরুরি সংস্কারের প্রয়োজন হওয়ায় আগামী ১৬ অগস্ট থেকে মিউজিয়ামটি সাময়িকভাবে বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হতে পারে। শুধু বাচ্চাদের কাছে নয়, অভিভাবকদের কাছেও কলকাতার অন্যতম আকর্ষণ এই মিউজিয়াম। সেক্ষেত্রে প্রয়োজনীয় পরিকাঠামো সংস্কারে বিপুল অর্থের প্রয়োজন হলেও সেই ব্যয় বহন করা মিউজিয়ামের পক্ষে সম্ভব নয়। এছাড়াও দর্শকদের নিরাপত্তার কথা বিবেচনা করেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।**

# দিল্লির বঙ্গভবনে শুভেন্দু-এনসিপিআই বৈঠক

### রাজ্যের সঙ্গে সমন্বয় রেখেই উন্নয়ন কর্মসূচি নিয়ে আলোচনা

**নয়াদিল্লি, ৪ অগস্ট:** দিল্লির বঙ্গভবনে মঙ্গলবার মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে বৈঠক করেন এনসিপিআই-এর সাংসদরা। রাজ্যে তৃণমূল কংগ্রেস ভেঙে নতুন দল গঠনের পর এই প্রথম একসঙ্গে মুখ্যমন্ত্রীর সঙ্গে আনুষ্ঠানিক বৈঠকে বসলেন তাঁরা। মঙ্গলবারের বৈঠকে সাংসদদের বিভিন্ন লোকসভা ও রাজ্যসভা কেন্দ্রের উন্নয়ন, প্রশাসনিক সমস্যা এবং সংগঠনের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা হয় বলেই সূত্রের খবর।

এনসিপিআই সাংসদদের সঙ্গে বৈঠকে উন্নয়ন ও সংগঠন নিয়ে বার্তা মুখ্যমন্ত্রীর, সন্তুষ্ট প্রতিনিধিরা। রাজ্য সরকারের সঙ্গে সমন্বয় রেখে তাঁদের সংসদীয় এলাকার কী ভাবে উন্নয়ন করা যায়, তা নিয়েই মূলত আলোচনা হয়েছে। মঙ্গলবার বঙ্গভবনে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে বৈঠক শেষে এমনই দাবি করলেন এনসিপিআই সাংসদেরা। এনসিপিআই কি বিজেপির সঙ্গে মিশে যাচ্ছে, এ নিয়ে প্রশ্ন করা হলেও সাংসদদের কেউই তা নিয়ে কোনও মন্তব্য করতে চাননি।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু ছাড়াও মঙ্গলবারের বৈঠকে ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব এবং বিজেপি সাংসদ নিশিকান্ত দুবে। বঙ্গভবনের বৈঠকে মোট ২২ জন সাংসদ ছিলেন। তাঁদের মধ্যে সুদীপ বন্দ্যোপাধ্যায়, কাকলি ঘোষ দস্তিদার, শতাব্দী রায়-সহ ১৯ জন এনসিপিআই সাংসদ ছিলেন। এ ছাড়াও বৈঠকে হাজির ছিলেন তৃণমূলত্যাগী রাজ্যসভার তিন বিজেপি সাংসদ সুখেন্দুশেখর রায়, সুস্মিতা দেব এবং প্রকাশ চিক বরাইক। দুপুর ১টায় বৈঠক শুরু হওয়ার কথা ছিল। কিন্তু আপ প্রধান অরবিন্দ কেজরিওয়ালের একটি কর্মসূচির জন্য যানজটের কারণে বঙ্গভবনে পৌঁছোতে কিছুটা দেরি হয় শুভেন্দুর। ২২ জন সাংসদের সঙ্গে প্রায় ১ ঘণ্টার বৈঠক হয় শুভেন্দুর। বৈঠক শেষে তিনি বঙ্গভবন ছেড়ে সংসদের উদ্দেশে রওনা দেন। তবে বৈঠক প্রসঙ্গে কোনও মন্তব্য করেননি তিনি। মঙ্গলবার সকাল থেকেই এই বৈঠক ঘিরে জল্পনার পারদ চড়ছিল। বৈঠকে কী নিয়ে আলোচনা, তা নিয়েও কৌতূহল ছিল তুঙ্গে। যদিও বৈঠক শেষে এনসিপিআই সাংসদ শতাব্দী জানান, এনসিপিআই বা দলীয় রাজনীতি নিয়ে নির্দিষ্টভাবে কোনও আলোচনা হয়নি। মূলত এলাকার উন্নয়নমূলক কাজ এবং অন্যান্য প্রশাসনিক বিষয়ে আলোচনা হয়েছে। তাঁর কথায়, 'বৈঠক খুব ভাল হয়েছে। ফলপ্রসূ হয়েছে। আগামী দিনে আমরা নবান্নে গিয়েও মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে আনুষ্ঠানিক ভাবে বৈঠক করব।'



*মঙ্গলবার দিল্লির বঙ্গভবনে এনসিপিআই-এর সাংসদদের সাথে বৈঠক করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।*

এদিনের বৈঠক শেষে সাংসদ রচনা বন্দ্যোপাধ্যায় বলেন, 'এই বৈঠকটি অনেক দিন ধরেই বাকি ছিল। নিজেদের এলাকার উন্নয়ন নিয়ে আমাদের বিভিন্ন প্রশ্ন ছিল। মুখ্যমন্ত্রী যেভাবে দিকনির্দেশ দিয়েছেন, পরামর্শ দিয়েছেন এবং আগামী দিনের কর্মসূচি ঠিক করে দিয়েছেন, তাতে আমরা খুবই সন্তুষ্ট।'

পাশাপাশি বৈঠকে এলাকাছাড়া মানুষ ও রাজনৈতিক কারণে ক্ষতিগ্রস্ত কর্মীদের প্রসঙ্গে রচনা জানান, 'মুখ্যমন্ত্রী আমাদের আশ্বস্ত করেছেন, যাতে কোনও মানুষ কষ্টে না থাকেন বা এলাকা ছেড়ে থাকতে বাধ্য না হন। তিনি বলেছেন, মানুষকে ভয় না পেয়ে এগিয়ে যেতে বলতে এবং তাঁদের পাশে থাকতে। রাজ্য সরকার তাঁদের পাশে রয়েছে বলেও তিনি স্পষ্ট বার্তা দিয়েছেন।' এই প্রসঙ্গে সাংসদ জুন মালিয়া মঙ্গলবারের বৈঠককে 'অত্যন্ত সফল ও গঠনমূলক' বলে উল্লেখ করেন। তাঁর দাবি, বিভিন্ন এলাকার উন্নয়নমূলক কাজের গতি বাড়াতে এবং প্রশাসনিক জটিলতা দূর করতে রাজ্য প্রশাসনের সর্বোচ্চ স্তর থেকে পূর্ণ সহযোগিতার আশ্বাস মিলেছে। অন্যদিকে, রাজ্যসভার সাংসদ সুখেন্দুশেখর রায় বৈঠকটিকে 'সৌজন্য সাক্ষাৎ' বলেই ব্যাখ্যা করেন। তাঁর কথায়, মূলত বিভিন্ন সংসদীয় এলাকার উন্নয়নমূলক পরিকল্পনা ও সংশ্লিষ্ট বিষয় নিয়েই এদিন আলোচনা হয়েছে।

উল্লেখ্য, এদিন দিল্লিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, বিজেপি রাজ্য সভাপতি তথা সাংসদ শমীক ভট্টাচার্য ও বিজেপির জাতীয় সাধারণ সম্পাদক সুনীল বনসল সৌজন্যমূলক সাক্ষাৎকার করেন।

# 'ওরা সোনার বাংলাকে কারাগারে পরিণত করেছে'

### বিজেপিকে দুষে গণ আন্দোলনের আহ্বান মমতার

**নিজস্ব প্রতিবেদন:** মঙ্গলবার নিজের ফেসবুক লাইভে এসে বিজেপির বিরুদ্ধে তীব্র রাজনৈতিক আক্রমণ শানিয়ে গণ আন্দোলনের ডাক দিলেন কালীঘাট-তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর অভিযোগ, রাজ্যে বিরোধী কণ্ঠস্বর দমিয়ে রাখার চেষ্টা চলছে। এই পরিস্থিতির বিরুদ্ধে সমস্ত রাজনৈতিক দল, ছাত্র-যুব এবং সাধারণ মানুষকে একসঙ্গে আন্দোলনে নামার আহ্বান জানান তিনি।

মঙ্গলবার নিজের ফেসবুক লাইভে বক্তব্য রাখতে গিয়ে মমতা বলেন, 'ওরা সোনার বাংলাকে কারাগারে পরিণত করেছে।' তাঁর দাবি, বিরোধী রাজনৈতিক কর্মসূচি, ছাত্রদের আন্দোলন এবং গণতান্ত্রিক প্রতিবাদের পরিসর ক্রমশ সংকুচিত করা হচ্ছে। তৃণমূল নেত্রীর বক্তব্য, গণতন্ত্রে ভিন্ন মত প্রকাশের অধিকার রক্ষা করা জরুরি। সেই কারণেই শুধুমাত্র রাজনৈতিক দল নয়, সমাজের সব স্তরের মানুষের ঐক্যবদ্ধ হওয়া প্রয়োজন। তিনি বলেন, গণতান্ত্রিক অধিকার রক্ষার লড়াইকে আরও বৃহত্তর পরিসরে নিয়ে যেতে হবে।

রাজনৈতিক মহলের একাংশের মতে, সাম্প্রতিক সময়ে রাজ্যে রাজনৈতিক সংঘাত এবং আন্দোলনকে ঘিরে উত্তেজনার আবহে মমতার এই বক্তব্য বিশেষ তাৎপর্যপূর্ণ। তাঁদের মতে, এই বার্তার মাধ্যমে তিনি বিরোধী শক্তিকে বৃহত্তর রাজনৈতিক মঞ্চে একত্রিত করার চেষ্টা করেছেন। তিনি বিজেপির বিরুদ্ধে অভিযোগ তুলে বলেন, 'কোথায় গেল আমার সোনার বাংলা, কোথায় গেল মা-মাটি-মানুষের বাংলা?' যদিও মমতা বন্দ্যোপাধ্যায়ের অভিযোগের বিষয়ে বিজেপির পক্ষ থেকে তাৎক্ষণিক কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি। ফলে তাঁর এই মন্তব্যকে কেন্দ্র করে রাজ্যের রাজনৈতিক তরজা আরও তীব্র হওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে।



*ফেসবুক লাইভে তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।*

বিজেপি ক্ষমতায় আসার আগে নেতাজি সুভাষচন্দ্র বসুর অন্তর্ধান সংক্রান্ত ফাইল প্রকাশের প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু ক্ষমতায় এসে সেই প্রতিশ্রুতি রক্ষা তো দূরের কথা, উল্টে নেতাজিকে অসম্মান করা হচ্ছে বলে অভিযোগ তুললেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার কালীঘাটের বাসভবন থেকে ভার্চুয়াল বার্তায় তিনি বলেন, নেতাজিকে অপমান করা মানে শুধু বাংলাকে নয়, গোটা দেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসকেই অপমান করা।

মমতার অভিযোগ, বিজেপির কয়েক জন নেতা নেতাজিকে নিয়ে আপত্তিকর মন্তব্য করেছেন। সেই প্রসঙ্গ টেনে তিনি প্রশ্ন তোলেন, ক্ষমতায় আসার আগে নেতাজি-সংক্রান্ত নথি প্রকাশের যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, তার কী হল? ফাইলগুলি কোথায়? সেই সত্য সামনে আনার দাবিও জানান তিনি। তৃণমূল নেত্রী ছাত্র-যুব, মহিলা, সাংস্কৃতিক সংগঠন এবং সাধারণ মানুষকে নেতাজির অসম্মানের প্রতিবাদে শান্তিপূর্ণ গণতান্ত্রিক আন্দোলনে শামিল হওয়ার আহ্বান জানান। তাঁর কথায়, 'নেতাজি ঐক্যের প্রতীক। তাঁকে অপমান করার বিরুদ্ধে সকলেরই সরব হওয়া উচিত।' একইসঙ্গে তিনি অভিযোগ করেন, বিরোধী রাজনৈতিক কর্মসূচিতে বাধা দেওয়া হচ্ছে, গণতান্ত্রিক অধিকার খর্ব করা হচ্ছে এবং বিরোধী নেতাকর্মীদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করা হচ্ছে।

# হামিমের রেইকির তালিকায় ছিল শুভেন্দুর চিনার পার্কের বাড়িও

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যে বড়সড় নাশকতার মারাত্মক ছক বানচাল হওয়ার পাশাপাশি একের পর এক চাঞ্চল্যকর তথ্য উঠে আসছে গোয়েন্দাদের হাতে। গত বৃহস্পতিবার বর্ধমান থেকে গ্রেপ্তার হওয়া জইশ-ই-মহম্মদ ও শাহজাদ ভাট্টি গ্যাংয়ের সদস্য মহম্মদ হামিম মণ্ডলকে জেরা করে একের পর এক বিস্ফোরক দাবি করেছে রাজ্য পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্স বা এসটিএফ। গোয়েন্দাদের দাবি, পাকিস্তান থেকে আসা নির্দেশে চলা এই জঙ্গির মূল লক্ষ্যই ছিল নিরাপত্তার ফাঁকফোকর চিহ্নিত করা এবং ভিআইপিদের গতিবিধির ওপর নজর রাখা। মুখ্যমন্ত্রীকে নিশানা করেই রেইকি করা হচ্ছিল বলে দাবি এসটিএফের গোয়েন্দাদের। আর এবার হামিমকে জিজ্ঞাসাবাদ করে সামনে এল আরও চাঞ্চল্যকর তথ্য।



এসটিএফ সূত্রে খবর, কেবল কোনও একটি সুনির্দিষ্ট অনুষ্ঠান নয়, হামিমের নজরদারি ছিল ব্যাপক। চিনার পার্কে মুখ্যমন্ত্রীর বাসভবন থেকে শুরু করে নিউ টাউনে কনভয়ের যাতায়াতের পথ, এমন সব জায়গায় রেইকি চালিয়েছিল সে। এমনকি, সিসিটিভি ক্যামেরার নজর এড়াতে একটি অ্যাপ-ক্যাব ভাড়া করে কনভয়ের পথ খতিয়ে দেখেছিল হামিম। তবে চিনার পার্কের বাড়ি দেখে আসলেও, সেখানে প্রচুর সিসিটিভি থাকায় কোনও ছবি বা ভিডিও তুলতে পারেনি সে। গোয়েন্দাদের সন্দেহ, নিরাপত্তার ফাঁক চিহ্নিত করতে বাসভবনের আশপাশেই বাড়ি ভাড়া নেওয়ার ছক ছিল তাদের। এখানেই শেষ নয়, রাজ্যের সর্বোচ্চ প্রশাসনিক কার্যালয় নবান্ন চত্বরেও এই জঙ্গি দল ঘোরাফেরা করেছিল বলে প্রাথমিক অনুমান। বিষয়টি নিশ্চিত করতে আপাতত নবান্ন চত্বরের দিনকয়েকের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখছেন তদন্তকারীরা।

সাংবাদিক বৈঠকে এসটিএফের আইজি গৌরব শর্মা জানান, হামিমের নজরদারি শুধু নির্দিষ্ট ভিআইপি-র ওপর সীমাবদ্ধ ছিল না। হাওড়া উত্তরের বিধায়ক তথা পুর প্রতিমন্ত্রী উমেশ রাইয়ের ছেলেকে 'হানিট্র্যাপে'র ফাঁদে ফেলে অপহরণ এবং তা থেকে বড়সড় নাশকতার ছক কষেছিল এই চক্র। রাজ্য ছাড়াও দিল্লির যন্তর মন্তরে আন্দোলন চলার সময় হামলা চালানোর নির্দেশ সরাসরি আসত সীমান্তের ওপার থেকে।

এই আন্তর্জাতিক জঙ্গি মডিউলটির মূল উপড়াতে ইতিমধ্যেই গ্রেপ্তার করা হয়েছে হামিমের বান্ধবী অর্পিতা সরকার ও সহযোগী আদিত্য সিংকে। গোয়েন্দাদের দাবি, অর্পিতার সঙ্গে সরাসরি পাক হ্যান্ডলারদের যোগাযোগ ছিল। বর্তমানে ধৃত তিনজনকে সামনাসামনি বসিয়ে ম্যারাথন জেরা চালানো হচ্ছে। বাংলায় এই জঙ্গি জালে আর কারা কারা জড়িয়ে রয়েছে, এদের আর্থিক মদতের উৎস কী তা জানতে তল্লাশি ও তদন্ত প্রক্রিয়া আরও তীব্র করেছে এসটিএফ।

## ১ অক্টোবর থেকেই ৩৮ শতাংশ ডিএ

**■ রাজ্য সরকারি কর্মীদের মহার্ঘ ভাতা (ডিএ) এবং পেনশনভোগীদের মহার্ঘ ত্রাণ (ডিআর) বৃদ্ধির ঘোষণা করল পশ্চিমবঙ্গ সরকার। মঙ্গলবার অর্থ দপ্তরের (অডিট শাখা) জারি করা স্মারকে জানানো হয়েছে, আগামী ১ অক্টোবর ২০২৬ থেকে রাজ্য সরকারি কর্মীরা সংশোধিত মূল বেতনের ওপর ৩৮ শতাংশ হারে ডিএ পাবেন। একই হারে ডিআর পাবেন রাজ্য সরকারের পেনশনভোগী ও পারিবারিক পেনশনভোগীরাও। স্মারকে বলা হয়েছে, এই সুবিধা সরকারি সাহায্যপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষাকর্মী, বিধিবদ্ধ সংস্থা, সরকারি উদ্যোগ, পঞ্চায়েত কর্মী, পুরসভা, স্থানীয় সংস্থা-সহ সংশ্লিষ্ট কর্মীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। সংশ্লিষ্ট প্রশাসনিক দপ্তরগুলি পৃথক অনুমোদন ছাড়াই এই নির্দেশ কার্যকর করতে পারবে। এছাড়া, পঞ্চম বেতন কমিশনের প্রাক-সংশোধিত বেতন কাঠামোর আওতায় থাকা কর্মীদের ডিএ ১৭১ শতাংশ থেকে বাড়িয়ে ২২৩ শতাংশ করা হয়েছে। একইভাবে, এখনও রোপা ২০০৯ অনুযায়ী প্রাক-সংশোধিত পেনশনপ্রাপ্ত পেনশনভোগী ও পারিবারিক পেনশনভোগীরা ১ অক্টোবর ২০২৬ থেকে ২২৩ শতাংশ হারে ডিআর পাবেন, যতদিন না তাঁদের পেনশন সংশোধিত হচ্ছে। অর্থ দপ্তরের নির্দেশে আরও জানানো হয়েছে, দৈনিক মজুরিভিত্তিক যেসব কর্মীর মজুরি আইন দ্বারা নিয়ন্ত্রিত নয়, তাঁদের দৈনিক মজুরি ১ অক্টোবর ২০২৬ থেকে অতিরিক্ত ১১০ টাকা বৃদ্ধি করা হবে।**


## পাটনায় ফের ককরোচ বিক্ষোভ

**■ নিট-এর প্রশ্নপত্রফাঁস বিরোধী আন্দোলনের সময় ধৃত বিক্ষোভকারীদের মুক্তির দাবিতে আবার বিহারের রাজধানী পটনার রাজপথে ককরোচ জনতা পার্টি (সিজেপি)। সঙ্গী কংগ্রেস, আরজেডি এবং বামেদের ছাত্র সংগঠন। ঘটনাচক্রে, পাটনা শহরেরই প্রাণকেন্দ্রের বিধানসভা বাঁকিপুরে উপনির্বাচনে সে রাজ্যের শাসকদল বিজেপির পরাজয়ের ঠিক পরের দিনেই সংঘটিত হল এই বিক্ষোভ। মঙ্গলবার সিজেপি-র সমর্থকেরা এবং বিরোধী দলগুলির ছাত্র ও যুব কর্মীরা পাটনার গান্ধি ময়দানে জমায়েত করেন। সেখান থেকে তাঁরা মিছিল করে বিহারের মুখ্যমন্ত্রী তথা বিজেপি নেতা সম্রাট চৌধরীর বাসভবনের দিকে অগ্রসর হলে বাধা দেয় পুলিশ।**

# নতুন পিএসি চেয়ারম্যান ঋতব্রতপন্থী কানাইয়ালাল

**নিজস্ব প্রতিবেদন:** বিধানসভার পাবলিক অ্যাকাউন্টস কমিটির (পিএসি) চেয়ারম্যান করা হল ঋতব্রত-পন্থী তৃণমূল বিধায়ক কানাইয়ালাল আগরওয়ালকে। একই সঙ্গে বিরোধী শিবিরের হাতে মোট ১০টি স্থায়ী কমিটির চেয়ারম্যান পদ তুলে দেওয়া হয়েছে। এর মধ্যে ঋতব্রত-ঘনিষ্ঠ তৃণমূলের বিধায়কদের হাতে গিয়েছে ৯টি কমিটির দায়িত্ব এবং একটি কমিটির চেয়ারম্যান হয়েছেন আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকী।

পিএসি চেয়ারম্যান নির্বাচন ঘিরে রাজনৈতিক তাৎপর্যও রয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারে অতীতে এই পদে বসানো হয়েছিল দুই বিজেপি টিকিটে নির্বাচিত হলেও পরে তৃণমূলে যোগ দেওয়া বিধায়ক মুকুল রায় এবং সুমন কাঞ্জিলালকে।



*নতুন পিএসি চেয়ারম্যান কানাইয়ালাল আগরওয়াল।*

সে সময় বিজেপি আপত্তি তুললেও তৎকালীন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় সংসদীয় রীতির কথা উল্লেখ করে সেই সিদ্ধান্তের সপক্ষে অবস্থান নিয়েছিলেন।

সাম্প্রতিক রাজনৈতিক পালাবদলের পর তৃণমূলে ভাঙন ও নেতৃত্বের পুনর্বিন্যাসের আবহে পিএসি চেয়ারম্যান পদে কানাইয়ালাল আগরওয়ালের নিয়োগ বিশেষ তাৎপর্যপূর্ণ বলে রাজনৈতিক মহলের একাংশের মত। পাশাপাশি বিভিন্ন স্থায়ী কমিটির চেয়ারম্যান পদে বিরোধী শিবিরের প্রতিনিধিদের দায়িত্ব দেওয়ার সিদ্ধান্তও বিধানসভার নতুন সমীকরণের ইঙ্গিত দিচ্ছে।

# হাসিনার ভার্চুয়াল ভাষণ নিয়ে অবস্থান স্পষ্ট করল বিদেশ মন্ত্রক

**নয়াদিল্লি, ৪ অগস্ট:** বাংলাদেশে ক্ষমতার পালাবদলের দ্বিতীয় বর্ষপূর্তি, অর্থাৎ আজ ৫ অগস্ট দিল্লিতে ভার্চুয়ালি বক্তৃতা করবেন শেখ হাসিনা। কথা বলবেন সাংবাদিকদের সঙ্গে। বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রীর সেই অনুষ্ঠানের

> ভারতের মাটি ব্যবহার করে শেখ হাসিনা বা অন্য কোনও পলাতক ব্যক্তি রাজনৈতিক কর্মকাণ্ড করলে তা দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্কে নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

> হাসিনার এই বৈঠককে নিয়ে প্রশ্ন তুলেছিল ঢাকা। ভারতের মাটিতে বিদেশিদের রাজনৈতিক কার্যকলাপের অনুমতি নেই বলেও কীভাবে হচ্ছে হাসিনার সাংবাদিক বৈঠক হচ্ছে, এমন প্রশ্ন তুলে এবার নয়া দিল্লির অবস্থান জানতে চেয়েছিল ঢাকা।

> ফরেন করেসপনডেন্টস ক্লাব অফ সাউথ এশিয়া'-তে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেই অনুষ্ঠানে ভার্চুয়ালি উপস্থিত থাকার কথা হাসিনার। সেখানে ভাষণ দেওয়ার পাশাপাশি, সাংবাদিক বৈঠকও করবেন তিনি।



সঙ্গে ভারত সরকারের কোনও সম্পর্ক নেই বলে জানাল নয়াদিল্লি। শুধু তা-ই নয়, বুধবার হাসিনা যা বলবেন, তা নিয়ে কী অবস্থান হবে, তা আগেভাগেই জানিয়ে দিল ভারতের বিদেশ মন্ত্রক।

আজ দিল্লির 'ফরেন করেসপনডেন্টস ক্লাব অফ সাউথ এশিয়া'-তে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেই অনুষ্ঠানে ভার্চুয়ালি উপস্থিত থাকার কথা হাসিনার। সেখানে ভাষণ দেওয়ার পাশাপাশি, সাংবাদিক বৈঠকও করবেন তিনি। হাসিনার এ ধরনে কর্মসূচি নিয়ে আপত্তি তুলেছে ঢাকা। এ বিষয়ে ঢাকায় নিযুক্ত ভারতীয় রাষ্ট্রদূত দীনেশ ত্রিবেদীকে জানানো হয়। জানতে চাওয়া হয়, হাসিনার ভার্চুয়াল বক্তৃতা দেওয়াকে ভারত সরকার সমর্থন করে কি না। মঙ্গলবার ভারতের বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়ালকে একই প্রশ্ন করা হয় সাংবাদিক সম্মেলনে। সেই প্রশ্নের উত্তরে রণধীর বলেন, 'যে অনুষ্ঠানের কথা হচ্ছে সেটা একটা বেসরকারি মাধ্যম আয়োজন করেছে। তার সঙ্গে ভারতের সরকারের কোনও সম্পর্ক নেই।' একই সঙ্গে এ-ও জানান, ওই মঞ্চে উত্থাপিত কোনও বিষয় বা ওই মঞ্চ থেকে যা বলা হবে, সেগুলিকে সমর্থন করে না সরকার।

উল্লেখ্য, হাসিনার এই বৈঠককে নিয়ে প্রশ্ন তুলেছিল ঢাকা। ভারতের মাটিতে বিদেশিদের রাজনৈতিক কার্যকলাপের অনুমতি নেই বলেও কীভাবে হচ্ছে হাসিনার সাংবাদিক বৈঠক হচ্ছে, এমন প্রশ্ন তুলে এবার নয়া দিল্লির অবস্থান জানতে চেয়েছিল ঢাকা।

প্রসঙ্গত, ৫ অগস্ট শেখ হাসিনাকে ক্ষমতাচ্যুত করার দুই বছর পালিত হবে বাংলাদেশে। আর সেই সময়ই প্রাক্তন প্রধানমন্ত্রীর প্রকাশ্যে সাংবাদিক বৈঠকের প্রস্তুতি নিয়ে উদ্বেগে ঢাকা। সোমবার ঢাকায় এক সাংবাদিক বৈঠকে বাংলাদেশের বিদেশ মন্ত্রকের প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম বলেন,'ভারতের মাটি ব্যবহার করে শেখ হাসিনা বা অন্য কোনও পলাতক ব্যক্তি রাজনৈতিক কর্মকাণ্ড করলে তা দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্কে নেতিবাচক প্রভাব ফেলতে পারে।'

একদিন
আমার শহর
কলকাতা ৫ অগস্ট ২০২৬, ১৯ শ্রাবণ ১৪৩৩ বুধবার

# মানুষ জামা বদলাতে ভোট দেয়নি দল বদলেই টিকিট নয়, বার্তা শমীকের

**নিজস্ব প্রতিবেদন:** তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দেওয়ার যারা চেষ্টা করছে এবং আসন্ন পুরসভা ও পঞ্চায়েত নির্বাচনের টিকিট নিয়ে যাবতীয় জল্পনার মধ্যেই দলের স্পষ্ট অবস্থান জানালেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তাঁর বার্তা, শুধুমাত্র দল বদলালেই কাউকে প্রার্থী করা হবে না।

মঙ্গলবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে শমীক বলেন, মানুষ জামা পালটানোর জন্য ভোট দেয়নি, জামার ভিতরের মানুষটাকে বদলানোর জন্য ভোট দিয়েছে। তাঁর অভিযোগ, বিধানসভা নির্বাচনের আগে পর্যন্ত যাঁরা বিজেপির বিরুদ্ধে প্রচার করেছেন বা দলের কর্মীদের ওপর হামলার অভিযোগে অভিযুক্ত ছিলেন, তাঁদেরই কেউ কেউ ভোটের ফল প্রকাশের পর বিজেপিতে যোগ দেওয়ার চেষ্টা করছেন। তার আরও দাবি, ৪ মে-র পর থেকে অনেকেই নিজেদের বিজেপির কর্মী বলেও পরিচয় দিচ্ছেন।

এই প্রসঙ্গে শমীক বলেন, কেউ যদি ভাবেন,



হঠাৎ বিজেপি হয়ে গিয়ে পুরসভা বা পঞ্চায়েত নির্বাচনে প্রার্থী হয়ে যাবেন, তা কখনওই হতে দেওয়া হবে না। তৃণমূলের অভ্যন্তরীণ দ্বন্দ্বের প্রসঙ্গও তুলে ধরেন বিজেপি রাজ্য সভাপতি। তাঁর দাবি, তৃণমূল তৃণমূলকে মারছে। তৃণমূলের মধ্যে যে ৭৫-২৫-এর ভাগ ছিল, সেখানে দেখা যাচ্ছে, কেউ ৯৫ পেয়েছে, কেউ ৫ পেয়েছে। এই ৫ শতাংশরাই বিজেপির নাম করে ৯৫ শতাংশদের আক্রমণ করছে। বিজেপির দরজা এঁদের জন্য বন্ধ আছে। ভবিষ্যতেও বন্ধ থাকছে।

তবে সব ক্ষেত্রেই পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে, এমন দাবি করেননি শমীক। তিনি স্পষ্ট দাবি করে বলেন, 'ফুলপ্রুফ সিস্টেম বলে কিছু হয় না, সেটা যতটা কমানো যায়, তার জন্য আমরা চেষ্টা করছি।' একই সঙ্গে তিনি স্বীকার করেন, কিছু এলাকায় দলের নিচুতলার কয়েকজন নেতা সদ্য তৃণমূল ছেড়ে আসা ব্যক্তিদের সঙ্গে ছবি তুলছেন বা তাঁদের গলায় গেরুয়া উত্তরীয় পরিয়ে দিচ্ছেন। এই ধরনের ঘটনার খবর নেতৃত্বের কাছে পৌঁছেছে বলেও জানান তিনি। শমীকের আশ্বাস, এই ধরনের বিষয়ে দ্রুত সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে এবং দলীয় শৃঙ্খলা বজায় রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

# আদালতের রায়ে হাসপাতালে রোগীদের খাবারের বরাদ্দ বৃদ্ধিতে স্বস্তি নবান্নের

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্য সরকারি হাসপাতালে ভর্তি থাকা রোগীদের খাবারের দিনপ্রতি বরাদ্দ বৃদ্ধির সিদ্ধান্ত বাস্তবায়নে অবশেষে সবুজ সংকেত দিল কলকাতা হাইকোর্ট। সিঙ্গল বেঞ্চের দেওয়া স্থগিতাদেশের রায় একলপ্তে খারিজ করে দিল হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। মঙ্গলবার বিচারপতি শম্পা সরকার এবং বিচারপতি অজয় গুপ্তের ডিভিশন বেঞ্চ এই তাৎপর্যপূর্ণ নির্দেশ দেয়। উচ্চ আদালতের এই রায়ের ফলে রাজ্য জুড়ে সরকারি হাসপাতালগুলিতে রোগীদের উন্নতমানের খাদ্যসামগ্রী সরবরাহে আর কোনও আইনি জটিলতা রইল না বলেই মনে করছে ওয়াকিবহাল মহল।

রাজ্য স্বাস্থ্য দপ্তর সূত্রে খবর, সম্প্রতি সরকারি হাসপাতালের রোগীদের পুষ্টিকর ও উন্নতমানের খাবার পৌঁছে দিতে মাথার পিছু বরাদ্দের পরিমাণ উল্লেখযোগ্য ভাবে বাড়ানোর সিদ্ধান্ত নেয় নবান্ন। এতদিন এই বরাদ্দ ছিল মাত্র ৫৭ টাকা। বর্তমান বাজারদর ও মূল্যবৃদ্ধির কথা মাথায় রেখে তা এক ধাক্কায় বাড়িয়ে ১১২ টাকা করার চূড়ান্ত ঘোষণা করা হয়। গত ২৩ জুলাই এই মর্মে রাজ্য সরকারের তরফে একটি নির্দেশিকাও জারি করা হয়েছিল, যা চলতি অগাস্ট মাসের ১ তারিখ থেকেই কার্যকর হওয়ার কথা ছিল।

তবে নবান্নের এই জনকল্যাণমুখী সিদ্ধান্তে সাময়িক বাঁধা হয়ে দাঁড়ায় আইনি জটিলতা। নতুন বরাদ্দের ভিত্তিতে রাজ্য সরকারের তরফে ডাকা টেন্ডার প্রক্রিয়াকে চ্যালেঞ্জ জানিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয় একটি ঠিকাদার সংস্থা। তাদের দাবি ছিল, রোগীদের মাথাপিছু খাবারের বরাদ্দ ঠিক কী হওয়া উচিত, তা নিয়ে একটি মামলা ইতিমধ্যেই বিচারাধীন। ফলে এই অবস্থায় রাজ্য সরকার কীভাবে নতুন 'প্রাইস চার্ট' বা দর নির্ধারণ করতে পারে তা নিয়ে তৈরি হয় বিতর্ক। এই মামলার শুনানিতে হাইকোর্টের বিচারপতি কৃষ্ণা রাওয়ের সিঙ্গল বেঞ্চ নবান্নের জারি করা বিজ্ঞপ্তির ওপর স্থগিতাদেশ জারি করে। ফলে রাজ্য সরকারের সিদ্ধান্ত থমকে যায়।

সিঙ্গল বেঞ্চের ওই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে কাল বিলম্ব না-করে হাইকোর্টের ডিভিশন বেঞ্চের নজর আকর্ষণ করে রাজ্য



সরকার। মঙ্গলবার বিচারপতি শম্পা সরকার ও বিচারপতি অজয় গুপ্তের এজলাসে মামলাটির জরুরি শুনানি হয়। শুনানিপর্বে ডিভিশন বেঞ্চ সিঙ্গল বেঞ্চের রায়ের যুক্তি নিয়ে প্রশ্ন তোলে। শুনানির সময় বিচারপতি শম্পা সরকার মন্তব্য করেন, বাজারের 'প্রাইস ইনডেক্স' বা দরসূচক যে অনেকটাই বেড়েছে, সে বিষয়ে সকলেই একমত।

আর এখানেই প্রশ্ন ওঠে, বর্তমান বাজারদরের নিরিখে ঠিকাদারদের এই ধরনের আইনি টানাপোড়েন চলতে থাকলে রাজ্য সরকার কীভাবে সাধারণ মানুষের স্বার্থে নতুন কোনও প্রশাসনিক সিদ্ধান্ত নেবে তা নিয়ে। এর পরেই সিঙ্গল বেঞ্চের দেওয়া স্থগিতাদেশের রায় সম্পূর্ণ খারিজ করে দেয় বিচারপতি শম্পা সরকার ও বিচারপতি অজয় গুপ্তের ডিভিশন বেঞ্চ। হাইকোর্টের জোড়া বেঞ্চের এই পর্যবেক্ষণের পর প্রশাসনিক স্তরে বড় স্বস্তি ফেরে। আদালত সূত্রে খবর, ডিভিশন বেঞ্চের এই স্পষ্ট নির্দেশের পর ১১২ টাকা বরাদ্দের ভিত্তিতে রোগীদের উন্নত খাদ্য পরিবেশন করার ক্ষেত্রে নবান্নের আর কোনও আইনি বাধা থাকছে না। আগামী দিনেই হাসপাতালগুলিতে নতুন হারে বরাদ্দকৃত খাবার চালু হতে চলেছে।

# অভিষেকের আমেরিকায় চোখের চিকিৎসা মামলায় হাইকোর্টে সুপ্রিম নির্দেশে আজই বিশেষ শুনানি



**নিজস্ব প্রতিবেদন:** সুপ্রিম কোর্টে মামলা উত্থাপিত হলেও মেলেনি স্বস্তি। বিদেশযাত্রার ওপর তৈরি হওয়া আইনি জটিলতার কারণে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক তথা ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের চোখে চিকিৎসার সফর নিয়ে এখনও ধোঁয়াশা যেন কাটছেই না। তবে শীর্ষ আদালতের সাম্প্রতিক নির্দেশের পর মামলার গতি ত্বরান্বিত করতে তৎপর কলকাতা হাইকোর্ট। সুপ্রিম নির্দেশ মেনে বুধবারই বিচারপতি সৌগত ভট্টাচার্যের এজলাসে এই হাইপ্রোফাইল মামলার শুনানি হবে।

ঘটনার সূত্রপাত অভিষেকের নির্ধারিত চিকিৎসা সফরকে কেন্দ্র করে। তৃণমূল সাংসদের পূর্বপরিকল্পনা অনুযায়ী, চোখের জটিল চিকিৎসার স্বার্থে গত ২৯ জুলাই তাঁর আমেরিকা উড়ে যাওয়ার কথা ছিল। কিন্তু তাঁর বিরুদ্ধে একাধিক মামলা বিচারাধীন থাকায় আদালতের পূর্বানুমতি ব্যতিরেকে দেশত্যাগে আইনি নিষেধাজ্ঞা রয়েছে। এই বাধা সরাতে হাইকোর্টের দ্বারস্থ হন তিনি। তবে গত ২০ জুলাই মামলার শুনানিতেই বিচারপতি সৌগত ভট্টাচার্যের বেঞ্চ স্পষ্ট ভাষায় এই বিদেশযাত্রার যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তোলে। আদালতের পর্যবেক্ষণ ছিল, চিকিৎসার প্রয়োজন থাকলেও কেন বিদেশে যেতে হবে? কলকাতায় কি উপযুক্ত ব্যবস্থা নেই? রাজ্যের অন্যতম প্রধান সরকারি হাসপাতাল এসএসকেএমে একাধিক বিশেষজ্ঞ চিকিৎসক রয়েছেন, প্রয়োজনে তাঁর চিকিৎসার জন্য পৃথক মেডিক্যাল বোর্ড গঠনের প্রস্তাবও দেয় হাইকোর্ট।

হাইকোর্টের এই কঠোর অবস্থান ও বিদেশযাত্রায় আপত্তি তোলার সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে দ্রুত শীর্ষ আদালতের দ্বারস্থ হন অভিষেক বন্দ্যোপাধ্যায়। সপ্তাহের প্রথম দিনেই ভারতের প্রধান বিচারপতি সূর্য কান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি ভি মোহনার ডিভিশন বেঞ্চে মামলাটির শুনানি নির্ধারিত ছিল। অভিষেকের পক্ষে সওয়াল করেন বিশিষ্ট আইনজীবী গোপাল শংকরনারায়ণ। কিন্তু সুপ্রিম কোর্ট মূল বিষয়ে সরাসরি হস্তক্ষেপ করতে অস্বীকার করে হাইকোর্টকেই বিষয়টি নিষ্পত্তির দায় দেয়। প্রধান বিচারপতির বেঞ্চ পর্যবেক্ষণ জানিয়ে নির্দেশ দেয়, হাইকোর্ট যেন আগামী এক সপ্তাহের মধ্যে এই আবেদনের চূড়ান্ত শুনানি সম্পন্ন করে নিষ্পত্তি ঘটায়। শীর্ষ আদালতের এই বার্তার পর মঙ্গলবারই কলকাতা হাইকোর্টে আবেদন জানান অভিষেকের আইনজীবী। দ্রুত শুনানির আর্জিতে সাড়া দিয়ে বিচারপতি সৌগত ভট্টাচার্য বুধবারই মামলাটি তালিকাভুক্ত করার সিদ্ধান্ত নেন এবং উভয় পক্ষের আইনজীবীদের উপস্থিত থাকার নির্দেশ দেন।

# পশ্চিমবঙ্গ সফরে জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন

**নিজস্ব প্রতিবেদন:** তিন দিনের ঠাসা কর্মসূচি নিয়ে আজ রাজ্যে আসছেন জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকর। রাজ্যে বিজেপি সরকার গঠনের পর এই প্রথম তাঁর বাংলা সফর। এই তিনদিনের সফরে নারী নিরাপত্তা, মানব পাচার রোধ, আইনি সচেতনতা বৃদ্ধি এবং মহিলাদের অভিযোগ শোনার মতো একাধিক কর্মসূচিতে অংশ নেবেন তিনি বলেই সংস্থা সূত্রে জানান হয়েছে।

আজ কলকাতায় পৌঁছে প্রথমেই তিনি ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অব জুরিডিক্যাল সায়েন্সেসে 'ক্যাম্পাস কলিং' কর্মসূচিতে ছাত্রছাত্রীদের সঙ্গে মতবিনিময় করবেন। পরে ধনধান্য অডিটোরিয়ামে মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের সঙ্গে বৈঠক এবং ন্যাশনাল লাইব্রেরিতে 'শি সার্ভস' কর্মসূচিতে অংশগ্রহণ করার কথা রয়েছে।

এছাড়া ৬ অগাস্ট বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে 'নারীর নেতৃত্বে উন্নত বাংলা' শীর্ষক বেঙ্গল উইমেন্স ডেভেলপমেন্ট কনক্লেভের উদ্বোধন করবেন বিজয়া রাহাতকর। ওই একই দিনে কলকাতায় আয়োজিত মহিলা জনশুনানিতে মহিলাদের অভিযোগ শুনবেন তিনি। বৃহস্পতিবার তিনি রাজ্যের ডিজিপি এবং শীর্ষ পুলিশ আধিকারিকদের সঙ্গে নারী নিরাপত্তা নিয়ে উচ্চপর্যায়ের বৈঠক করবেন। কলকাতার পাশাপাশি ৭ অগস্ট হাওড়ার শরৎ সদনে একটি প্রশিক্ষণ কর্মশালায় অংশ নেওয়ার পাশাপাশি জেলা প্রশাসন ও পুলিশ কর্তাদের সঙ্গে বৈঠক করবেন জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন। এছাড়া নিউটাউনে বিএসএফের সাউথ বেঙ্গল ফ্রন্টিয়ার সদর দফতরে মানব পাচার প্রতিরোধ বিষয়ক একটি বিশেষ কর্মশালাতেও তিনি বক্তব্য রাখবেন বলেই জানান হয়েছে।

এই প্রসঙ্গে জাতীয় মহিলা কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে, এই সফরে প্রথমবার পশ্চিমবঙ্গে কমিশনের চেয়ারপার্সন নিজে দু'টি মহিলা জনশুনানির সভাপতিত্ব করবেন। কলকাতা ও হাওড়ায় আয়োজিত এই জনশুনানিতে মহিলারা সরাসরি অভিযোগ জানাতে পারবেন। ওয়াক-ইন অভিযোগও গ্রহণ করা হবে। কমিশনের মতে, এই সফরের মূল উদ্দেশ্য নারী নিরাপত্তা সংক্রান্ত প্রাতিষ্ঠানিক ব্যবস্থাকে আরও শক্তিশালী করা এবং অভিযোগ নিষ্পত্তির প্রক্রিয়াকে আরও কার্যকর করে তোলা।

# গোলাপ ও চকোলেট হাতে লালবাজার অভিযানে কংগ্রেস

**নিজস্ব প্রতিবেদন:** আজকের লালবাজার অভিযানে সম্পূর্ণ অহিংস কর্মসূচির পথে হাঁটছে প্রদেশ কংগ্রেস। মঙ্গলবার বিধান ভবনে সাংবাদিক বৈঠকে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার জানান, 'আমাদের কর্মীদের হাতে থাকবে গোলাপ ফুল এবং পকেটে থাকবে চকোলেট। তিনি বলেন, তপুলিশ লাঠিচার্জ করলেও আমরা কোনও প্রতিরোধ করব না। বরং তাঁদের হাতে গোলাপ ও চকোলেট তুলে দেব।'

২১ জুলাই কংগ্রেস কর্মীদের উপর হামলার অভিযোগ তুলে শুভঙ্কর সরকারের দাবি, ওইদিন অনেক কর্মী আহত হলেও অভিযোগের ভিত্তিতে পুলিশ কার্যকর পদক্ষেপ করেনি। তাঁর অভিযোগ, রাজ্যে এমন পরিবেশ তৈরি করা হচ্ছে, যাতে আইনের অপব্যবহার করে বিরোধীদের কণ্ঠস্বর স্তব্ধ করা যায়। তিনি এদিন স্পষ্ট করে জানান, 'রাজনৈতিক কর্মসূচিতে কোনও রকম হিংসা বা উসকানির জায়গা থাকবে না। কেউ ব্যারিকেড ভাঙার চেষ্টা করবেন না, উত্তেজিতও হবেন না। ভাঙচুর নয়, গণতান্ত্রিক প্রতিবাদের বার্তা দিতেই আমাদের এই আইন অমান্য কর্মসূচি।'

আমাদের আদমশুমারি আমাদের উন্নয়ন

गृह मंत्रालय
भारत सरकार

(আদমশুমারি ২০২৭ এর প্রথম পর্যায়)
Self-Enumeration (SE) বা স্ব-গণনা সম্পর্কিত সাধারণ প্রশ্ন এবং তাদের উত্তর (পর্ব-২)

স্ব-গণনা কী?
স্ব-গণনা হলো একটি অনলাইন প্রক্রিয়া যেখানে আপনি কোনো গণনাকারীর জন্য অপেক্ষা না করে নিজেই SE পোর্টালে (se.census.gov.in) আপনার পরিবারের বিবরণ পূরণ করে জমা দিতে পারবেন।



স্ব-গণনার সুবিধাগুলি কী কী?
- সুবিধাজনকভাবে বিবরণ পূরণ করা যায়
- গোপনীয়তা সুনিশ্চিত করে
- আদমশুমারি প্রক্রিয়াকে দ্রুততর এবং কার্যকরী করে তোলে

সেল্ফ-এনিউমারেশন পোর্টালে কীভাবে লগ ইন করবেন?
- রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল নির্বাচন করুন
- পরিবারের প্রধানের নাম, মোবাইল নম্বর এবং ইমেল (ঐচ্ছিক) লিখুন
- OTP-র মাধ্যমে যাচাই করুন
- স্ব-গণনা শুরু করুন

আপনার বাড়ির সঠিক অবস্থান কীভাবে চিহ্নিত করবেন?
- জেলা/পিন কোড নির্বাচন করুন
- এলাকা/ল্যান্ডমার্ক লিখুন
- মানচিত্রে জুম করুন এবং আপনার বাড়ির কাছের অবস্থান চিহ্নিত করুন (সঠিক ঠিকানা প্রদর্শিত না হলে চিন্তার কিছু নেই)
- সঠিক অবস্থান চিহ্নিত করা আবশ্যক

আমি কি পরে আমার তথ্য সম্পাদনা (edit) করতে পারি?
- হ্যাঁ, আপনি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের SE চলাকালীন চূড়ান্তভাবে জমা দেওয়ার আগে সম্পাদনা করতে পারেন
- চূড়ান্তভাবে জমা দেওয়ার পরে গণনাকারীর পরিদর্শনের সময় পরিবর্তন করা যেতে পারে

ভারতের বাইরে থেকে কি SE পোর্টাল অ্যাক্সেস করা যাবে?
- না, এই সুবিধাটি শুধুমাত্র ভারতের ভৌগোলিক সীমানার মধ্যে উপলব্ধ

জমা দেওয়ার পরে কোনো ভুল পাওয়া গেলে কী হবে?
- গণনাকারী যখন আপনার বাড়িতে যাবেন তখন সংশোধন করা যেতে পারে

আমি কি ফর্মটি সেভ করে পরে সম্পূর্ণ করতে পারি?
- হ্যাঁ, আপনি আপনার কাজ সেভ করে রাখতে পারেন এবং নির্ধারিত সময়ের মধ্যে ফর্মটি সম্পূর্ণ করতে পারেন

টোল ফ্রি - ১৮৫৫

CBC 19108/13/0162/2627

আসুন আমাদের দায়িত্ব পালন করি, আসুন আদমশুমারিতে অংশগ্রহণ করি CensusIndia2027

# নিয়ম মেনেই টাকা দেওয়া হবে

## বইয়ের রয়্যালটি প্রসঙ্গে মমতার দাবি উড়িয়ে প্রকাশকের পালটা দাবি

**নিজস্ব প্রতিবেদন:** নিজের লেখা বইয়ের রয়্যালটির অর্থ এখনও হাতে না-পাওয়ার অভিযোগ তুললেন পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি দাবি করেন, চলতি বছরে বই বিক্রির রয়্যালটি এখনও তাঁর কাছে পৌঁছয়নি। এই ঘটনার পিছনে রাজনৈতিক উদ্দেশ্য থাকতে পারে বলেও এদিন ইঙ্গিত দেন তিনি। শুধু তাই নয়, মঙ্গলবার মমতা বন্দ্যোপাধ্যায় আরও বলেন, 'আমি মাইনে নিতাম না। পেনশনও নিই না। দীর্ঘদিন ধরে বই লিখি। সেই বই বিক্রির রয়্যালটির অর্থ থেকেই ব্যক্তিগত খরচ চালাই। কিন্তু এই বছর এখনও পর্যন্ত সেই টাকা পাইনি। বিজেপি নানা ভাবে আমাকে আক্রমণ করার চেষ্টা করছে। এটাও সেই বৃহত্তর রাজনৈতিক ষড়যন্ত্রের অংশ হতে পারে।'

যদিও প্রাক্তন মুখ্যমন্ত্রীর এই মন্তব্যের পরই তার মন্তব্যের প্রতিক্রিয়া দেন তাঁর একাধিক বইয়ের প্রকাশক দে'জ পাবলিশিংয়ের কর্ণধার সুধাংশুশেখর দে। তিনি মমতার অভিযোগ উড়িয়ে দিয়ে জানান, রয়্যালটির অর্থ দেওয়া নিয়ে কোনও সমস্যা হয়নি। প্রতিবছর নির্দিষ্ট সময়েই টাকা দেওয়া হয়, এবারও সেই নিয়ম মেনেই দেওয়া হবে। রাজনৈতিক চাপে রয়্যালটি আটকে রাখা হয়েছে, এই অভিযোগ ঠিক নয়। প্রতি বছর জুন মাসের পর থেকেই রয়্যালটির অর্থ পাঠানোর প্রক্রিয়া শুরু হয়।

মঙ্গলবার প্রকাশকের বক্তব্যে আরও স্পষ্ট হয়, মমতার রয়্যালটি আটকে যাওয়ার অভিযোগের সঙ্গে তাঁরা একমত নন। তাঁদের দাবি, এটি সম্পূর্ণ স্বাভাবিক আর্থিক প্রক্রিয়ার অংশ এবং নির্ধারিত নিয়ম অনুযায়ী অর্থ প্রদান করা হবে। উল্লেখ্য, মমতা বন্দ্যোপাধ্যায়ের লেখা দেড়শোরও বেশি বই প্রকাশিত হয়েছে। কবিতা, প্রবন্ধ, রাজনৈতিক অভিজ্ঞতা এবং বিভিন্ন সমসাময়িক বিষয় নিয়ে তাঁর একাধিক বই প্রকাশিত হয়েছে। কলকাতা আন্তর্জাতিক বইমেলাতেও প্রতি বছর তাঁর নতুন বই প্রকাশিত হয়ে এসেছে। তাঁর বইয়ের উল্লেখযোগ্য পাঠকসংখ্যা রয়েছে এবং অতীতে বিভিন্ন সরকারি স্কুল ও গ্রন্থাগারেও সেই বই সংগ্রহ করা হয়েছে। তাই বই বিক্রির রয়্যালটির পরিমাণও অনেক বেশি বলেই প্রকাশনা মহলের ধারণা।

# ভবানীপুর নির্বাচন মামলায় ফের অস্বস্তি, শুনানি পিছোল ৬ সপ্তাহ

**নিজস্ব প্রতিবেদন:** ভবানীপুর কেন্দ্র সংক্রান্ত বহুল চর্চিত নির্বাচন পিটিশন মামলার শুনানি ফের পিছিয়ে গেল কলকাতা হাইকোর্টে। মঙ্গলবার মামলার শুনানিতে আদালত নির্দেশ দেয়, আগামী ছ'সপ্তাহ পর পুনরায় এই সংক্রান্ত শুনানি গ্রহণ করা হবে। পাশাপাশি, মামলার সঙ্গে যুক্ত সমস্ত পক্ষকে নতুন করে নোটিস পাঠানোর নির্দেশ দিয়েছেন বিচারপতি গৌরাঙ্গ কান্ত।

এদিকে আদালত সূত্রে খবর, এদিন মামলাটি আদালতে উঠলে শুভেন্দু অধিকারীর আইনজীবী তাঁর মক্কেলের লিখিত বক্তব্য পেশ করার জন্য চার সপ্তাহের সময় প্রার্থনা করেন। তবে শুভেন্দুর আইনজীবীর এই সময়ের আবেদনের তীব্র বিরোধিতা করেন মমতা বন্দ্যোপাধ্যায়ের আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়।

দীর্ঘ আইনি জীবনের অভিজ্ঞতার কথা তুলে ধরে কল্যাণ বন্দ্যোপাধ্যায় আদালতে ক্ষোভের সঙ্গে জানান, 'পাঁচ বছর কেটে গেলেও ইলেকশন পিটিশন মামলার নিষ্পত্তি হয় না। এটা কলকাতা হাইকোর্টের ইতিহাসের একটি খারাপ অধ্যায়। এই ধারার পরিবর্তন ঘটিয়ে নতুন ইতিহাস তৈরি করতে আদালত সাহায্য করুক।' পাশাপাশি তাঁর সংযোজন, '১৯৮১ সাল থেকে আইনি পেশায় যুক্ত রয়েছি। আমার অভিজ্ঞতা বলছে, এই আদালতে মাত্র একটি মামলার ক্ষেত্রে পাঁচ বছর পূর্ণ হওয়ার তিন মাস আগে রায় বের হয়েছিল। এই মামলাটিতে যাতে দ্রুত বিচার সম্পন্ন হয়, তার জন্য নজির গড়ার অনুরোধ করছি।' এরপরই বিচারপতি গৌরাঙ্গ কান্ত দ্রুত নিষ্পত্তির আশ্বাস দিয়ে বলেন, 'আমরা চেষ্টা করছি।' তবে শেষ পর্যন্ত শুভেন্দুর আইনজীবীর আবেদনের ভিত্তিতে শুনানি পিছিয়ে দেন বিচারপতি।

প্রসঙ্গত, বিধানসভা নির্বাচনে ভবানীপুর আসনে মুখোমুখি প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ হয়েছিলেন শুভেন্দু অধিকারী ও মমতা বন্দ্যোপাধ্যায়। নির্বাচনী ফলাফলে ১৫,১০৫ ভোটের ব্যবধানে জয়ী হন শুভেন্দু অধিকারী এবং পরবর্তীতে মুখ্যমন্ত্রী পদে শপথ গ্রহণ করেন।

## সম্পাদকীয়

### আর এক কেলেঙ্কারি, এবার রক্ত ও প্লাজমা পাচারেও নাম জড়াল তৃণমূলের

গত দেড় দশকে চাকরি বিক্রি থেকে গরু পাচার, কয়লা পাচার, বালি পাচার, একের পর দুর্নীতি দেখেছে বাংলার মানুষ। এবার সামনে এল তৃণমূল আমলের আরও এক কেলেঙ্কারি। এবার বেসরকারি ব্লাড ব্যাঙ্ক থেকে রক্ত ও প্লাজমা পাচারে নাম জড়াল তৃণমূলের নেতা, মন্ত্রীদের। গোটা ঘটনা সামনে আসতেই শুরু হয়েছে তদন্ত ও তল্লাশি অভিযান। তাতে যা উঠে আসছে তা চমকে দেওয়ার পক্ষে যথেষ্ট। স্বাস্থ্য দফতরের অভিযানে ব্লাড ব্যাঙ্ক থেকে একাধিক তৃণমূল নেতা, মন্ত্রীদের নাম লেখা স্লিপ স্ট্যাম্প মিলেছে। যা নিয়ে ঘনাচ্ছে রহস্য। অভিযোগ, উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ভিন রাজ্যে মোটা টাকার বিনিময়ে রক্ত ও প্লাজমা পাচার করেছে রাজ্যের কয়েকটি বেসরকারি ব্লাড ব্যাঙ্ক। এমনকী নিয়ম ভেঙে রক্তদান শিবিরে রক্তদাতাদের থেকে নির্দিষ্ট পরিমানের থেকে বেশি রক্ত নেওয়া হয়েছে। অনুমতি ছাড়া হয়েছে একের পর এক রক্তদান শিবির। এই সব অভিযোগের তদন্তে হাজরা মোড়ের একটি বেসরকারি ব্লাড ব্যাঙ্কে অভিযান চালায় স্বাস্থ্য দফতরের কর্তারা। পরে সেটি বন্ধ করে দেওয়া হয়েছে। সেখানে রক্ত সংগ্রহের নামে ধরা পড়েছে ব্যাপক বেনিয়ম। রক্তদাতাদের থেকে নিয়ম ভেঙে ৫০০ এমএল করে রক্ত নেওয়া হয়েছে। স্বাস্থ্য দফতরের পক্ষ থেকে কয়েকদিন আগে এই নিয়ে কড়া নির্দেশিকা জারি করা হয়। যেখানে অনুমতি ছাড়া ভিন রাজ্যে রক্ত ও প্লাজমা পাঠানো কঠোর ভাবে নিষিদ্ধ করা হয়েছে। সেই সঙ্গে রাজ্যে রক্তদান শিবিরেও নিষেধাজ্ঞা জারি হয়েছে। এই প্রসঙ্গে স্বাস্থ্যমন্ত্রী বলেছেন, কেউ রেহাই পাবে না। নয়া নির্দেশিকায়, স্বাস্থ্য ভবনকে না জানিয়ে ভিন রাজ্যে রক্ত বিক্রির অভিযোগের জেরে কড়া পদক্ষেপ করেছে রাজ্য স্বাস্থ্য দপ্তর। নির্দেশিকায় জানানো হয়েছে, স্বাস্থ্য দপ্তর ও কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রককে না জানিয়ে রক্ত বা প্লাজমা ভিন রাজ্যে পাঠানো বা বিক্রি করা যাবে না। এবার যা করা হল, সে সব ঠিক আছে, কিন্তু যারা এই কাজ করল, তাদের কী শাস্তি হবে? এভাবে জীবনদায়ী রক্ত নিয়ে এই অপরাধ করেও কি পার পেয়ে যাবে?

### শব্দছক ২৩৪

রবি দাস

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ■ | ২ | | ৩ | | ■ |
| | ■ | ৪ | | ■ | | ■ | ৫ |
| ৬ | ৭ | | | ■ | ৮ | ৯ | |
| ১০ | | ■ | ■ | ১১ | | | ■ |
| ■ | ১২ | ১৩ | | ■ | ■ | ১৪ | ১৫ |
| ১৬ | | | ■ | ১৭ | ১৮ | | |
| | ■ | | ■ | ১৯ | | ■ | |
| ■ | ২০ | | | | ■ | ২১ | |

**পাশাপাশি:** ১. ছাগ বা মেষ ২. বিরতিহীন ৪. জ্ঞান ৬. ফুলমালা বিক্রয়কারী ৮. মহিলা ১০. দময়ন্তীর দোসর ১১. গোলা নিক্ষেপকারী যুদ্ধ-যন্ত্র ১২. করণিক ১৪. আমার ১৬. পরমানন্দ ১৭. পর্বত-শ্রেষ্ঠ ১৯. যার দ্বারা নতুন গাছ জন্মায় ২০. সীমা সম্বন্ধে ধারণা ২১. তৃণ

**ওপর-নিচ:** ১. ধারণা ২. ঠোঁট ৩. সমৃদ্ধি ৪. নির্বোধ ৫. সম্মানীয় ব্যক্তি ৭. দিল্লীর লাল দূর্গ ৯. মানসিকভাবে ভেঙে পড়া ১৩. কার্তিকী পূর্ণিমায় সখী সহযোগে কৃষ্ণের নৃত্য উৎসব ১৫. আনন্দ-উপভোগের অনুষ্ঠান ১৬. দূর্গা ১৭. নতুন ১৮. হস্তী

**সমাধান ২৩৩ — পাশাপাশি:** ১. হরিদ্রা ৩. গমন ৫. বিগ্রহ ৬. রবি ৮. রগড় ১০. নদী ১২. অবনমন ১৪. মরণপন ১৬. লহ ১৭. জলধি ১৯. রব ২১. রন্ধন ২২. রজন ২৩. কঠোর


**ওপর-নিচ:** ১. হকার ২. দ্রাবিড় ৩. গহনবন ৪. নর ৭. বিজন ৯. গহ্বর ১১. দীন ১২. অপহরণ ১৩. মঙ্গল ১৪. ময়ূর ১৫. নল ১৭. জনক ১৮. ধিক্কার ২০. বর

### আজকের দিন



- **২০১৯** — জম্মু ও কাশ্মীরের বিশেষ স্বায়ত্তশাসিত মর্যাদা বাতিল হয়ে রাজ্যটি কেন্দ্রশাসিত অঞ্চল হয়।
- **২০২০** — অযোধ্যায় রাম মন্দিরের আনুষ্ঠানিক ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠান সম্পন্ন হয়।
- **২০২৪** — বিক্ষোভের ফলে শেখ হাসিনার পদত্যাগ ও ক্ষমতা ত্যাগ ঘটে।

### জন্মদিন



১৯২৯ *বিশিষ্ট উচ্চাঙ্গ সঙ্গীতশিল্পী গিরিজা দেবীর জন্মদিন।*
১৯৬৯ *বিশিষ্ট ক্রিকেট খেলোয়াড় ভেঙ্কটেশ প্রসাদের জন্মদিন।*
১৯৭৪ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেত্রী কাজলের জন্মদিন।*

কাজল

# এসএসসি'র যোগ্য চাকরিহারাদের পাশে দাঁড়িয়ে শিক্ষাক্ষেত্রে বিশ্বাসযোগ্যতা ফিরিয়ে আনা জরুরি




**স্বপনকুমার মণ্ডল**

**সরকারি চাকরির উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলার স্বপ্নটাই আজ বাস্তব জীবনে দুঃস্বপ্নের আতঙ্ক হয়ে উঠেছে। অন্যদিকে যারা সেই দুঃস্বপ্ন কাটিয়ে ওঠার স্বপ্নে বছরের পর বছর রাস্তায় পড়ে থেকে আন্দোলন চালিয়েছে, তারা জনতা করুণা পেলেও মর্যাদা পায়নি । তাদের অবিরত আন্দোলন ও আইনি পথের লড়াইয়ে যখন শিক্ষক নিয়োগের ব্যাপক দুর্নীতির প্রমাণে গোটা প্যানেলটাই বাতিল হওয়ায় চাকরিহারা শিক্ষকেরা পথে নেমে এল, তখন তাদের দাবি-দাওয়ার চেয়ে হারানো চাকরি ফেরতের কথা জোরদার হয়ে ওঠায় তারাই ব্রাত্য হয়ে গেল । অথচ তারাই সবচেয়ে উপেক্ষিত হয়েছে । কতগুলো বছর তাদের জীবন থেকে চলে গেছে, জীবনের প্রতি জেগে উঠেছে অবিশ্বাসের নিবিড় হাতছানি । আর্থিক প্রতিষ্ঠা, সামাজিক নিরাপত্তা, জীবন গড়ে তোলার আয়োজন সবটাই তাদের অধরা মাধুরী হয়ে থেকে গেছে । অন্যদিকে যোগ্য চাকরিহারা থেকে যোগ্য চাকরিপ্রার্থীর বাইরেও রয়েছে লক্ষ লক্ষ বেকার যুবক-যুবতী যারা সেই অনিশ্চিত অজানা ভবিষ্যতের দিকে অবিশ্বাসীর দৃষ্টিতে তাকিয়ে আছে । এক যুগের বেশি সময় ধরে কর্মক্ষেত্রের অকর্ষিত জমিতে ফস্লের কোনো চিহ্ন নেই, তার বদলে দুর্নীতির আগাছায় তা পরিপূর্ণ, কোথাও ফসলের আশা নেই,জমির চাষযোগ্যতাই হারিয়ে গেছে। স্বাভাবিক ভাবে একে কর্মসংস্থানের তীব্র আকাল, তার মধ্যে দুর্নীতির লাগামহীন নৈরাজ্য, সবদিক থেকেই বর্তমান অনিশ্চয়তায় ভোগা কর্মপ্রার্থী থেকে দিশাহীন ভবিষ্যৎ প্রজন্মকে কুরে কুরে খাচ্ছে। তার কুপ্রভাব গোটা সমাজজীবনকে অনিশ্চিয়তার অন্ধকারে ঠেলে দিচ্ছে । শিক্ষাক্ষেত্রে নেমে এসেছে তার সুদূরপ্রসারী প্রভাব।**

ছাব্বিশের বিধানসভার নির্বাচনে পশ্চিমবঙ্গে বিপুল সংখ্যাগরিষ্ঠতায় নতুন সরকারের আগমনে রাজ্যবাসীর মনে ইতিমধ্যেই ভেঙে পড়া স্বপ্ন আবার নতুন করে জেগে উঠছে। যেখানে বিগত সরকারের পনেরো বছরের একটানা রাজত্বে শুধু দুঃস্বপ্ন তাড়া করে ফেরেনি, বিশ্বাসের বাতিঘরটিই নিভে গিয়েছিল, সেখানেই আজ নতুন করে বেঁচে উঠার হাতছানি, নতুন জীবনের স্বপ্নে বিভোর হওয়ার আমন্ত্রণ জেগে উঠেছে। সেক্ষেত্রে শিক্ষাক্ষেত্রে রাজ্যের হৃত গৌরব ও তার গর্বিত সৌরভ ফিরিয়ে আনার প্রতি নতুন সরকারের অঙ্গীকারই মুখ্যমন্ত্রী থেকে শিক্ষামন্ত্রীর কণ্ঠে অবিরত উচ্চারিত হওয়ায় জনমানসে তার প্রতি গভীর আস্থায় শিক্ষা জগতেও তীব্র আলোড়ন সৃষ্টি করেছে। বিগত সরকারের আমলে শিক্ষাক্ষেত্রে ব্যাপক দুর্নীতির জেরে শুধু শিক্ষাব্যবস্থাই ভেঙে পড়েনি, শিক্ষার প্রতি বিশ্বাসই নিঃস্ব হয়ে পড়েছে । সেখানে নিয়োগে ব্যাপক দুর্নীতি দিনের আলোর মতো স্বচ্ছ হয়ে ওঠায় তার সর্বস্বান্ত প্রকৃতি আজও শুধু শিক্ষাক্ষেত্রেই নয়, জনজীবনেও অবিশ্বাস এবং অনিশ্চয়তার আতঙ্ক গ্রাস করে বেড়াচ্ছে। শিক্ষাক্ষেত্রে ছাত্রছাত্রীদের সংখ্যা তলানি থেকে উচ্চশিক্ষায় অনাগ্রহ তীব্রতর আকার ধারণ করেছে । শুধু তাই নয়, শিক্ষার্থী ও শিক্ষকের অভাবে শিক্ষাক্ষেত্রই আজ তীব্র অস্তিত্ব সংকটে। অন্য দিকে বেকারত্বে জেরবার জনসমাজে শিক্ষার আলো না জ্বললেও তার ভয়ঙ্কর অন্ধকার তীব্র হতাশার শিকার করে তুলেছে অবিরত। সেক্ষেত্রে নতুন সরকারের অন্য অনেক দিকের মতো শিক্ষাক্ষেত্রেও সমধিক দৃষ্টিনিবদ্ধ করায় নতুন করে রাজ্যের শিক্ষার হাল ধরে পাল তুলে সুদূরপ্রসারী প্রভাব বিস্তার করবে,তা শুধুই সময়ের অপেক্ষা মনে হয়। এজন্য শুধু যোগ্য চাকরিহারা শিক্ষক অশিক্ষকদের চাকরিতে ফেরানো জরুরি, আরও বেশি জরুরি শিক্ষার প্রতি অমোঘ বিশ্বাস ফিরিয়ে আনা।


চব্বিশের অষ্টাদশ লোকসভা নির্বাচনের মধ্যেই পশ্চিমবঙ্গের শিক্ষাক্ষেত্রে ব্যাপক সংখ্যক* চাকরি* হারানোর বিষয়টি স্বাভাবিক ভাবেই রাজনৈতিক হাতিয়ার হয়ে ওঠে । দুর্নীতির ইস্যুতে তা যেন সরকারবিরোধী টাটকা প্রমাণের সুবর্ণ সুযোগ এনে দেয় । একের সর্বনাশ,অন্যের পৌষমাস মনে হলেও এরকম ভয়ঙ্কর পরিণতি কেউ প্রত্যাশা করেনি,ভাবতেই পারেনি।* সেখানে স্কুল সার্ভিস কমিশনের ২০১৬-র প্যানেলের ২৫৭৫৩ জনের*চাকরি*চলে যাওয়ার খবরে সারা রাজ্য জুড়ে তা নিয়ে তুমুল হৈচৈ পড়াটা* অত্যন্ত স্বাভাবিক । তার মধ্যে প্রায় তিনভাগই শিক্ষকের*চাকরি*বাতিল হয়েছে । যারা এতদিন পথে নেমে শিক্ষকের হকের*চাকরি*পাওয়ার জন্য জীবনপণ করে রাস্তায় পড়ে থেকে রোদে পুড়ে, বৃষ্টিতে ভিজে দাতে দাঁত চেপে দিনের পর দিন সুবিচারের প্রত্যাশায় সরকারি রক্তচক্ষুকে উপেক্ষা করে সুদীর্ঘ সংগ্রামে ব্রতী হয়েছিল, অভ্যাসের ফেরে আমজনতার উদাসীনতায় তাদের প্রতিবাদী কণ্ঠস্বরও ক্রমশ নিস্তেজ হয়ে পড়ে। মাঝে মাঝে তা জাগিয়ে তোলার প্রয়াসেও টালবাহানার খেলায় উপেক্ষা আর উদাসীনতার নেমে আসে । যে বিচারপতির সৎসাহসে ভর করে আন্দোলনের রাস্তাই একমাত্র রাস্তা মনে হয়েছিল, সেই বিচারপতির পদত্যাগ ও রাজনীতিতে সক্রিয় যোগদান থেকে লোকসভার আসন্ন নির্বাচন সবেতেই সেই সবদিক থেকে বঞ্চিত* চাকরিপ্রার্থীদের আন্দোলনের গতি রুদ্ধ হয়ে পড়ে। তারপরেও তাদের নাছোড় মনোভাবে যখন মহামান্য উচ্চ ন্যায়ালয় থেকে দেশের সর্বোচ্চ ন্যায়ালয়ের রায়ে*যোগ্যতার প্রশ্নে গোটা প্যানেলটাই বাতিল হয়ে যায়, তখন তাদের দাবি মান্যতা পেলেও*চাকরিহারা শিক্ষকদের হাহাকারে তারা পিছনে চলে যায় । সেখানে*যোগ্য*ও অযোগ্যদের তরজা বা অবৈধ*চাকরির জন্য বৈধ শিক্ষকদের নিয়ে রাজ্যজুড়ে তীব্র প্রতিবাদ নানাভাবে ছড়িয়ে পড়ে, নির্বাচনী প্রচারের আলো শুষে নেয় । শুধু তাই নয়, তাতে মহামান্য উচ্চ ন্যায়ালয়ের রায়ের প্রতিও তীব্র অসন্তোষ দেখা দেয়। মহামান্য সর্বোচ্চ ন্যায়ালয়ের রায়ে সেই অসন্তোষ ক্রমশ নিস্তেজ হলেও চাকরিহারা শিক্ষকদের তীব্র প্রতিবাদী আন্দোলন রাজপথে নেমে আসে । স্বাভাবিক ভাবে তাতে শিক্ষকতায় বঞ্চিত চাকরিপ্রার্থীদের আন্দোলন পেছনের সারিতে চলে যায় । অন্যদিকে যোগ্য চাকরিহারাদের পাশে দাঁড়ানোর জন্য রাজনৈতিক দলগুলোর মধ্যে শুরু হয়ে যায় তীব্র প্রতিযোগিতা । সেখানে নির্বাচনী প্রচারে এসে মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী যেভাবে যোগ্য চাকরিহারা শিক্ষকদের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েছেন, তা শুধু সময়ের দাবিই নয়, অত্যন্ত জরুরি পদক্ষেপ মনে হয়েছিল। তাতে ইতিমধ্যে সুফলও মিলেছে। তাতে শুধু যোগ্যদের চাকরি ফিরে পাওয়ার হাতছানিই নেই, অযোগ্যদের অবৈধ চাকরির পরিবর্তে বঞ্চিত চাকরিপ্রার্থীদের প্রত্যাশা পূরণের সম্ভাবনাও রয়েছে । কিন্তু তাতে সব সমাধান হবে,তা ভাবলে ভুল হবে। আসলে এক যুগের বেশি সময় ধরে এ রাজ্যের সরকারি কর্মক্ষেত্রে শূন্যতাবোধে কর্মপ্রার্থীরাই শুধু ভুক্তভোগী নয়, ভবিষ্যৎ প্রজন্মের মনেও ভয়ঙ্কর হতাশা গ্রাস করেছে । সেখানে শুধু চাকরি চুরির কথাই মনে আসেনি, ভবিষ্যতের সাধ ও স্বপ্নও চুরির কথাও মনে করিয়ে দেয় । সেক্ষেত্রে হারানো*চাকরি*ফিরিয়ে দিলেই তার সমাধান হবে না, বৈধ পথে যোগ্যতার নিরিখে চাকরি পাওয়ার বিশ্বাসযোগ্যতা ফিরিয়ে আনা জরুরি। সেখানে দেশের প্রধানমন্ত্রীর জরুরি তৎপরতায় সেই বৈধ পথের সুরাহা ও সুরক্ষা নতুন করে প্রত্যাশা জাগিয়ে ছিল। অথচ তাতেও সেই বিশ্বাসের বাতিঘরে আলো জ্বলেনি।

আসলে সময়ে শুধু অবস্থানের পরিবর্তন ঘটায় না, অস্তিত্বকেও নতুন করে চিনিয়ে দেয় । সেখানে বৈধ-অবৈধের ধারণা থেকে*যোগ্য-অযোগ্যের চেতনা স্বাভাবিক ভাবেই আরও বেশি মুখর হয়ে ওঠে । চাকরি হওয়াতেই যেমন অবৈধ ধারণা বৈধতা লাভ করে বা চাকরি হলেই তার যোগ্যতা প্রমাণিত হয় এরকম বদ্ধমূল ধারণা যে ঠিক নয়, মহামান্য উচ্চ ন্যায়ালয়ের রায়েই তা প্রতীয়মান । শুধু তাই নয়, পাকা*চাকরি*চলে যাওয়ার কথা দুঃস্বপ্নেও কেউ ভাবতে পারেনি। যেখানে*চাকরি*পাওয়ার চেয়ে তা হারানোকে আরও কঠিন বলে তার স্থায়িত্বকে অক্ষয় করার সযত্ন প্রয়াস চলে, সেখানে স্থায়ী চাকরি চলে যাওয়ার মতো আকস্মিকতা সাধারণের মনে ভয়ঙ্কর নিঃস্বতাবোধ অত্যন্ত স্বাভাবিক। বাঙালির চাকরিসর্বস্ব জীবনে চাকরিই তার অস্তিত্বের উৎকর্ষ, পায়ের নীচের মাটি থেকে সামজিক প্রতিষ্ঠা সর্বত্র তার বিস্তার । সেখানে ছাত্রজীবন থেকেই তার মনে চাকরিই ধ্যান-জ্ঞান, উচ্চতর যোগ্যতার মাপকাঠি। এজন্য একের পর*চাকরি*সোপান বেয়ে অনেকেই মোটা মাইনের বা বড়*চাকরিতে থিতু হয়ে থাকে । সেখানে*চাকরিহারাদের মধ্যে অনেকেই পুরনো চাকরি ছেড়ে শিক্ষতার চাকরিতে এসেছেন বা জায়গা পরিবর্তন করেছেন। তাদের সমস্যা আরও ভয়াবহ । কেননা চাকরি হারিয়ে তারা আর পুরনো জায়গাতে আর ফিরে যেতে পারবেন না। অন্যদিকে বর্তমান প্রতিযোগিতার বাজারে বয়স, যোগ্যতা থেকে রেজাল্ট, অনুশীলন, স্বাস্থ্য সবেতেই পিছিয়ে থাকার প্রবল সম্ভাবনা । একে চাকরি হারানোয় পারিবারিক জীবনের আর্থিক বিপর্যয়, তার ওপরে সামাজিক সম্পর্ক ও সম্মানহানির ভয়, সর্বত্র আতঙ্ককে পুঁজি করে বেঁচে থাকার লড়াই জারি হয়। সেখানে অবৈধ পথে অযোগ্যদের চাকরির জন্য সেই সব*যোগ্যদেরই আজ মূল্য দিতে হচ্ছে, ভাবা যায় ! আজ স্কুলের প্রাঙ্গণ ছেড়ে চাকরি ফিরে পাওয়ার জন্য যোগ্যদের আন্দোলনে নামতে বাধ্য করেছে । চাকরি হয়ে গেলেই কেউ আর তাদের অবৈধ বলে চাকরি থেকে বরখাস্ত করতে পারবে না-র বদ্ধমূল ধারণা থেকেই যোগ্যদের বঞ্চিত করে অযোগ্যদের চাকরি বিক্রি করার মতো ভয়াবহ দুর্নীতি যে ঘটেছে, কোর্টের রায়েই তা স্পষ্ট হয়ে গেছে । শুধু তাই নয়, সেই অবৈধ চাকরিকে বৈধতা দেওয়ার জন্য সরকারের সুপার নিউমারিক পদ সৃষ্টির অসাধু উপায়ও সংবদ্ধ দুর্নীতিকে চিনিয়ে দেয় ।

সেক্ষেত্রে সরকারি চাকরির উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলার স্বপ্নটাই আজ বাস্তব জীবনে দুঃস্বপ্নের আতঙ্ক হয়ে উঠেছে। অন্যদিকে যারা সেই দুঃস্বপ্ন কাটিয়ে ওঠার স্বপ্নে বছরের পর বছর রাস্তায় পড়ে থেকে আন্দোলন চালিয়েছে, তারা জনতা করুণা পেলেও মর্যাদা পায়নি । তাদের অবিরত আন্দোলন ও আইনি পথের লড়াইয়ে যখন শিক্ষক নিয়োগের ব্যাপক দুর্নীতির প্রমাণে গোটা প্যানেলটাই বাতিল হওয়ায় চাকরিহারা শিক্ষকেরা পথে নেমে এল, তখন তাদের দাবি-দাওয়ার চেয়ে হারানো চাকরি ফেরতের কথা জোরদার হয়ে ওঠায় তারাই ব্রাত্য হয়ে গেল । অথচ তারাই সবচেয়ে উপেক্ষিত হয়েছে । কতগুলো বছর তাদের জীবন থেকে চলে গেছে, জীবনের প্রতি জেগে উঠেছে অবিশ্বাসের নিবিড় হাতছানি । আর্থিক প্রতিষ্ঠা, সামাজিক নিরাপত্তা, জীবন গড়ে তোলার আয়োজন সবটাই তাদের অধরা মাধুরী হয়ে থেকে গেছে । অন্যদিকে যোগ্য চাকরিহারা থেকে যোগ্য চাকরিপ্রার্থীর বাইরেও রয়েছে লক্ষ লক্ষ বেকার যুবক-যুবতী যারা সেই অনিশ্চিত অজানা ভবিষ্যতের দিকে অবিশ্বাসীর দৃষ্টিতে তাকিয়ে আছে । এক যুগের বেশি সময় ধরে কর্মক্ষেত্রের অকর্ষিত জমিতে ফস্লের কোনো চিহ্ন নেই, তার বদলে দুর্নীতির আগাছায় তা পরিপূর্ণ, কোথাও ফসলের আশা নেই,জমির চাষযোগ্যতাই হারিয়ে গেছে। স্বাভাবিক ভাবে একে কর্মসংস্থানের তীব্র আকাল, তার মধ্যে দুর্নীতির লাগামহীন নৈরাজ্য, সবদিক থেকেই বর্তমান অনিশ্চয়তায় ভোগা কর্মপ্রার্থী থেকে দিশাহীন ভবিষ্যৎ প্রজন্মকে কুরে কুরে খাচ্ছে। তার কুপ্রভাব গোটা সমাজজীবনকে অনিশ্চিয়তার অন্ধকারে ঠেলে দিচ্ছে । শিক্ষাক্ষেত্রে নেমে এসেছে তার সুদূরপ্রসারী প্রভাব। সেখানে পড়াশোনা করে কী হবে'র প্রশ্নটি অবিরত ঘুরপাক খায় । এজন্য শুধু*চাকরি*ফিরিয়ে দিলেই হবে না, বঞ্চিতদেরও সব সুদে আসলে ফিরিয়ে দিতে হবে। তাহলেই সব হবে না, অবৈধ দুর্নীতির কারবারি, তাদেরও দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে । তার সঙ্গে যোগ্যতার মানদণ্ডকে আবার ফিরিয়ে এনে সুশাসনে বিশ্বাসের ছবিকে জাগিয়ে তুলতে হবে । সেই বিশ্বাসের ছবি মনে জেগে উঠলেই সাধ ও স্বপ্ন আবার ফিরে আসবে, সোনালি সকাল তখন শুধু সময়ের অপেক্ষা । আত্মবিশ্বাস না থাকলে মানুষ স্বপ্ন দেখতে পারে না। অথচ সেই বিশ্বাসের ছবি আর ফিরে আসেনি। বিগত সরকার কোর্টের রায় মেনে যেভাবে ২০২৫-এ পুনরায় এসএসসি পরীক্ষার আয়োজন করে ওবিসি সংরক্ষণ, বয়সে ছাড়, অভিজ্ঞতার নম্বর বাড়ানো প্রভৃতির সহযোগে সমস্যার সমাধান করতে চেয়েছিল,তার মধ্যে যেনতেন প্রকারেণ দুর্নীতিতে ভরা দূষিত হাত ধুয়ে ফেলার প্রয়াসই প্রাধান্য লাভ করে। তাতে সমাধানই সমস্যা হয়ে দেখা দেয়। আর তার সমাধান হতে না হতেই ছাব্বিশের নির্বাচন এসে যায়, ৪ মে নতুন সরকারের উপরে তার দায় বর্তায়।অন্যদিকে ২০১৬-র চাকরিহারা যোগ্য শিক্ষকদের ৩১ আগস্ট পর্যন্ত স্কুলে চাকরির মেয়াদ ফুরনো এখন শুধু দিনগোনার অন্তিম প্রহর। ইতিমধ্যেই অসংখ্য চাকরিহারা যোগ্য শিক্ষক অনিশ্চিত জীবনের ঝুঁকি নিতে না পেরে অকালে ঝরে গিয়েছেন। এজন্য আর কালবিলম্ব না করে বাকি যোগ্যদের হৃত চাকরি তথা হকের চাকরি ফেরানোর তোড়জোড় অত্যন্ত জরুরি। এখনও তা নিয়ে বিশ্বাসের বাতিঘর জ্বলে উঠছে না। অন্যদিকে তাঁদের চাকরি ফিরিয়ে দিলে ২০২৫-এর বাড়তি নম্বরে বঞ্চিত যোগ্যদের দাবিদাওয়াও পূরণের পথও প্রশস্ত হবে। এজন্য শিক্ষার স্বার্থেই যোগ্য চাকরিহারা শিক্ষকদের পাশে রাজ্য সরকারের দাঁড়ানো জরুরি, আরো বেশি জরুরি চাকরি পাওয়ার বিশ্বাসযোগ্যতাকে ফিরিয়ে আনা। প্রসঙ্গত উল্লেখ্য, ছাব্বিশের বিধানসভার নির্বাচনী প্রচারেব সময়ও তৎকালীন বিধানসভার বিরোধী দলনেতা তথা বর্তমান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সরকারে এলে আন্দোলনরত চাকরিহারা যোগ্য শিক্ষকদের দুর্নীতিমুক্ত তালিকা নিয়ে সুপ্রিম কোর্টে গিয়ে চাকরি রক্ষার প্রতিশ্রুতি দিয়েছিলেন। সেক্ষেত্রে বর্তমান সরকারের সদিচ্ছায় রাজ্যের শিক্ষার হৃত গৌরব ও আতান্তরের সৌরভ ফিরিয়ে আনার কথা যেভাবে সোচ্চার হয়ে উঠেছে,তাতে আমরা গভীরভাবেই আশান্বিত । এখন তার বাস্তবায়ন ও মুখ্যমন্ত্রীর প্রতিশ্রুতি রক্ষা করা একান্ত জরুরি মনে করি।

*লেখক: প্রফেসর, বাংলা বিভাগ, সিধো-কানহো-বীরসা বিশ্ববিদ্যালয়*

### কোট-আনকোট



ইন্ডিয়ান ন্যাশনাল আর্মি তৈরি করেছিলেন সুভাষচন্দ্র বসু। প্ল্যানিং কমিশন করেছিলেন তিনি। স্বাধীনতা আন্দোলনে আন্দামান-নিকোবরে স্বাধীন দ্বীপের ঘোষণা করেছিলেন তিনি। জয়হিন্দ স্লোগান আজও মুখে মুখে। এখন দেশ থেকে নেতাজি, রবীন্দ্রনাথ বাদ! কলঙ্কের ভূষণ চাপানো হচ্ছে। নোংরা রাজনৈতিক খেলা চলছে।

*মমতা বন্দ্যোপাধ্যায়, প্রাক্তন মুখ্যমন্ত্রী*

### লেখা পাঠান

**সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।**

email : dailyekdin1@gmail.com

# বাঁকিপুর জিতে পিকে 'র মনে শুধু বিহারের উন্নয়ন



**পাটনা, ৪ অগস্ট:** বাঁকিপুর আসন জিতে নিজের পরবর্তী লক্ষ্যের কথা জানালেন ভোটকুশলী পিকে। তাঁর পাখির চোখ, বিহারের উন্নয়ন। সেখানে বিরোধীদের মধ্যে ঐক্য তৈরি করার কোনও লক্ষ্য তাঁর নেই। বাঁকিপুর উপনির্বাচনে জয়ের পরে স্পষ্ট জানিয়ে দিলেন ভোটকুশলী প্রশান্ত কিশোর। একটি সর্বভারতীয় সংবাদমাধ্যমকে তিনি জানিয়েছেন, এর পরে বাঁকিপুরের জনপ্রতিনিধিকে নিয়ে আর মানুষজনকে 'অপ্রস্তুত' হতে হবে না।

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীনের ছেড়ে যাওয়া বাঁকিপুর বিধানসভা আসনে উপনির্বাচনে প্রায় ১৯ হাজার ভোটে জয়ী হয়েছেন পিকে। জয়ের পরেই তাঁর প্রতিশ্রুতি, আগামী তিন মাসে বাঁকিপুরে স্পষ্ট পরিবর্তন দেখা যাবে। উন্নয়ন চোখে পড়বে। তাঁর কথায়, 'তিন মাসে বাঁকিপুরে পরিবর্তন দেখতে পারবেন। স্থানীয় স্তরে দুর্নীতি নির্মূল করার প্রতিশ্রুতি দিয়েছি।' প্রশান্তের কথায়, 'বিহারের জন্য একজন ভাল মুখ্যমন্ত্রী নিশ্চিত করাই আমার লক্ষ্য। এই রাজ্যের এমন এক সরকারের প্রয়োজন, যাদের লক্ষ্য হবে শিক্ষাব্যবস্থার উন্নতি ঘটিয়ে কর্মসংস্থান করা, যাতে কাউকে ভিন্‌রাজ্যে যেতে না হয়।' ভোটকুশলী বার বার জানিয়েছেন, তাঁর লক্ষ্য বিহারের শিক্ষাব্যবস্থার পরিবর্তন। ভোটে জয়ের পরে আরও এক বার পিকে জানান, অন্তত তাঁর বিধানসভা কেন্দ্রে সরকারি স্কুলগুলির উন্নতি নিশ্চিত করা হবে সরকারের লক্ষ্য। তা যদি একান্তই না পারেন, তবে গরিব পরিবারের শিশুরাও যাতে বেসরকারি স্কুলে পড়তে পারে, তার ব্যবস্থা তিনি করবেন। নিজের বিধানসভা কেন্দ্রের ভোটারদের সেই প্রতিশ্রুতিই দিয়েছেন তিনি। বিজেপির শক্ত ঘাঁটি বলে পরিচিত ছিল বাঁকিপুর। ১৯৯৫ থেকে ২০০৫ পর্যন্ত পর পর চার বার এই কেন্দ্রে জয়ী হয়েছিলেন অধুনা বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিনের পিতা নবীন কিশোর প্রসাদ সিন্‌হা। ২০০৮ সালের আসন পুনর্বিন্যাসের পরে ২০১০ থেকে ২০২৫ পর্যন্ত টানা চার বার জয়ী হন নীতিন। সেই নীতিনকে বিজেপি রাজ্যসভায় পাঠানোর পরে বাঁকিপুরে উপনির্বাচন হয়।



*নয়াদিল্লিতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। পশ্চিমবঙ্গের অর্থনৈতিক উন্নয়ন, বিনিয়োগ, পরিকাঠামো এবং জনকল্যাণমূলক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে ফলপ্রসূ আলোচনা হয়।*

# আকাশে ফের বিপদে এয়ার ইন্ডিয়ার বিমান

**নয়াদিল্লি, ৪ অগস্ট:** ফের বিপত্তি এয়ার ইন্ডিয়ার বিমানে। মাঝ আকাশে ৩০০ ফুট নামল ফুকেত-দিল্লি উড়ান। মাঝ আকাশে আচমকা ঝাঁকুনির ফলে যাত্রী ও বিমানকর্মী-সহ কমপক্ষে ১৪ জনের আহত হওয়ার খবর পাওয়া গিয়েছে। কারও মাথায় চোট লেগেছে, আবার কারও কানের পর্দা ফেটেছে। মঙ্গলবার ফুকেত থেকে দিল্লির উদ্দেশে রওনা দিয়েছিল এয়ার ইন্ডিয়ার এআই২৩৭৯ উড়ান। বেলা সওয়া ১১টা নাগাদ দিল্লিতে অবতরণের কথা ছিল ওই বিমানটির। তবে 'এয়ার-টার্বুল্যান্স'-এর কারণে কিছুটা দেরিতে ওই বিমানটি দিল্লির ইন্দিরা গান্ধি আন্তর্জাতিক বিমানবন্দরে নিরাপদে অবতরণ করে। প্রাথমিক তথ্য অনুযায়ী, এক জন বিমানকর্মী গুরুতর আহত হয়েছেন। কয়েক জন যাত্রীও আঘাত পেয়েছেন। ফুকেত থেকে ওড়ার সময়েও কোনও সমস্যা ছিল না। তবে কিছু সময় পরে হঠাৎই ওই বিমানে ঝাঁকুনি শুরু হয়। আচমকা আবহাওয়ার মতিগতি বদলে গেলে, দুর্যোগ শুরু হয়ে গেলে তীব্র ঝাঁকুনি অনুভূত হয় বিমানে। যাত্রাপথে প্রায়ই বিমানগুলি এই সমস্যার মুখে পড়ে। তবে 'বিপদ' বুঝে পাইলট আগে থেকেই সতর্ক করেন। সকলকে বেল্ট বেঁধে রাখার ঘোষণাও করা হয়। কিন্তু এয়ার ইন্ডিয়ার দিল্লিগামী এই বিমানটির ক্ষেত্রে আগে থেকে 'এয়ার-টার্বুল্যান্স' সংক্রান্ত কোনও ঘোষণা করা হয়নি। বিমানবন্দরে নেমে যাত্রীরা তাঁদের অভিজ্ঞতা বর্ণনা করেন। এক যাত্রী জানান, বিমানটি ওড়ার দেড় ঘণ্টা পর ঝাঁকুনি অনুভব করেন তাঁরা। তার পরেই বিমানের মধ্যে সব ওলট-পালট হয়ে যায়। ওই যাত্রীর কথায়, 'তখন ভোরবেলা। আমরা প্রায় সকলেই ঘুমোচ্ছিলাম। আচমকা বিমানটি থেমে যায় এবং পরমুহূর্তেই উল্টো দিকে ঘুরে যায়। ওই অবস্থায় অন্তত দু'-তিন মিনিট চলতে থাকে।'

# সহকর্মীদের গুলি করে আত্মঘাতী সিআরপিএফ জওয়ান

**গুয়াহাটি, ৪ অগস্ট:** অসমের নওগাঁওয়ে সহকর্মীদের গুলি করে আত্মঘাতী হলেন এক সিআরপিএফ জওয়ান। মঙ্গলবার সকালে কাটিমারিতে আধাসেনার ৩৪ ব্যাটেলিয়নের ছাউনির ঘটনা। শিবিরের মধ্যে গুলিচালনার ঘটনায় হুলস্থুল পড়ে যায়। অভিযুক্ত জওয়ান কেন সহকর্মীদের গুলি করলেন, সেই কারণ স্পষ্ট নয়। জানা গিয়েছে, হামলাকারী জওয়ান অন্ধ্রপ্রদেশের বাসিন্দা। পুলিশ সূত্রে খবর, অভিযুক্ত ওই জওয়ানের নাম বলানি প্রেমাম্বরম। তিনি অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টরের পদে কর্মরত ছিলেন। মঙ্গলবার সকাল ৭টায় তিনি শিবিরের মূল প্রবেশদ্বারে ডিউটি করছিলেন। সেই সময় আচমকাই নিজের ইনসাস রাইফেল থেকে গুলি চালাতে শুরু করেন। গুলিবিদ্ধ হন হেড কনস্টেবল বিষ্ণুপ্রসাদ বঘেল, এসআই রামনাওয়াল সিংহ যাদব এবং এএসআই গোবিন্দ শ্রীপুল। ঘটনাস্থলেই মৃত্যু হয় হেড কনস্টেবল এবং এসআইয়ের। গুরুতর আহত হন এএসআই গোবিন্দ। তাঁকে হাসপাতালে ভর্তি করানো হয়েছে।

# গুজরাতে মারণ ভাইরাসের শিকার ২২ শিশু

**আমদাবাদ, ৪ অগস্ট:** চান্দিপুরা নামের এই ভাইরাসের কবলে পড়ে এখনও পর্যন্ত ২২ শিশুর মৃত্যু হয়েছে গুজরাতে। বর্ষার গুজরাতে এই মারণ ভাইরাসের প্রকোপ। ব্যাপকভাবে ছড়াতে শুরু করেছে সংক্রমণ। রাজ্য স্বাস্থ্য দপ্তরের যে রিপোর্ট সামনে এসেছে তাতে দেখা যাচ্ছে, এখনও পর্যন্ত ১৮৪ জন সন্দেহভাজন রোগীর নমুনা পরীক্ষা করা হয়েছে যার মধ্যে ৩৫ জনের শরীরে মিলেছে এই ভাইরাস। যারা আক্রান্ত হচ্ছে তাদের বয়স ১৫ বছরের কম। আরও উদ্বেগের বিষয় হল, এই ভাইরাসের কোনও প্রতিষেধক বা টিকা নেই।

## ময়দান

# ডুরান্ডে ৮ গোলে জিতল মোহনবাগান

**নিজস্ব প্রতিবেদন:** ডুরান্ড কাপে আরও একতরফা ম্যাচ। ইস্টবেঙ্গলের পর এবার মোহনবাগানও প্রতিপক্ষের জালে ৮ গোল ভরে দিল। সাউথ ইউনাইটেডকে ৮-০ ব্যবধানে হারিয়ে অনায়াসে নকআউটে উঠে গেল সবুজ-মেরুন। প্রথম ম্যাচে ডার্বিতে ১-০ গোলে জয়ের পর দ্বিতীয় ম্যাচেও দাপুটে ফুটবল খেলল পানাজিয়োটিস ডিমপেরিসের দল। বড় ব্যবধানের এই জয়ের পর আবারও ডুরান্ড কাপের প্রতিযোগিতার মান নিয়ে আলোচনা শুরু হয়েছে। খেলা শুরু হতেই আক্রমণে ঝাঁপিয়ে পড়ে মোহনবাগান। ৪ মিনিটে মনবীর সিং গোলের খাতা খেলেন। ১০ মিনিটে আলবার্তো রডরিগেজ ব্যবধান দ্বিগুণ করেন। ১৯ মিনিটে রাহুল ভেকে তৃতীয় গোল করেন। ২২ মিনিটে ফের গোল করে প্রথমার্ধেই ৪-০ ব্যবধানে এগিয়ে দেয় মনবীর। দ্বিতীয়ার্ধেও একই ছবি দেখা যায়। বলের দখল, আক্রমণের গতি এবং সুযোগ তৈরির ক্ষেত্রে সম্পূর্ণ আধিপত্য ছিল মোহনবাগানের। সাউথ ইউনাইটেড নিজেদের অর্ধ ছেড়েই খুব কম বেরোতে পেরেছে। রক্ষণাত্মক কৌশল নিয়েও সবুজ-মেরুনের ধারালো আক্রমণ আটকানো সম্ভব হয়নি। উল্লেখ্য, এই সাউথ ইউনাইটেডই গ্রুপের প্রথম ম্যাচে সিআইএসএফকে ২-০ গোলে হারিয়েছিল।

# বেঙ্গল স্নুকার লীগের উদ্বোধন করলেন মন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী




**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** হিন্দুস্তান ক্লাবে বেঙ্গল স্নুকার লীগের সূচনা করা হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী মন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী এই লীগের উদ্বোধন করেন। বিলিয়ার্ডস অ্যান্ড স্নুকার ফেডারেশন অফ ইন্ডিয়া এবং পশ্চিমবঙ্গ বিলিয়ার্ডস অ্যাসোসিয়েশনের তত্ত্বাবধানে আয়োজিত পাঁচ দিনব্যাপী এই লীগের উদ্বোধন করে মন্ত্রী বলেন যে, এই ধরনের অনুষ্ঠান কলকাতার ক্রীড়া ও সংস্কৃতিকে সংযুক্ত করে। তিনি বলেন, ক্ষ্মআমাদের সরকার ক্রীড়া ও সংস্কৃতিকে একীভূত করার জন্য সচেষ্ট থাকবে, যা পর্যটনকে আরও উন্নত করবে এবং বাংলাকে তার হারানো ঐতিহ্য পুনরুদ্ধারে সক্ষম করবে।ক্ষ্ম হিন্দুস্তান ক্লাব এবং এসেন্স ফাউন্ডেশনের সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানে বিনীত জৈন এবং শৈলী জৈন মন্ত্রীকে স্বাগত জানান এবং ধন্যবাদ দেন। পাঁচ দিনব্যাপী এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্বের একজন প্রখ্যাত স্নুকার আইকন, পদ্মভূষণ পঙ্কজ আদভানি। হিন্দুস্তান ক্লাবের সভাপতি সঞ্জয় গোয়েঙ্কা ও কোষাধ্যক্ষ ধ্রুব আগরওয়ালসহ আয়োজক কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন।


বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
৯৮৩১৯১৯৭৯১

**OFFICE OF THE PATIKABARI GRAM PANCHAYAT**
P.O : PATIKABARI, NOWDA BLOCK MURSHIDABAD WEST BENGAL- 742121
The undersigned is hereby published the e -Tender vide **No. 1/PGP/VB-G-RAM-G/2026-27 (Tender ID: 2026_ZPHD_1035619_1)** for Supply of material for the Construction of Boundary wall at Chandipur Malithyapara SSK under this G.P Bid submission start date (online) **01/08/2026 from 10-00 a.m** Bid submission closing date (online) **08/08/2026 upto 10-00 p.m** Details of NIeT& Tender documents may be downloaded from **"http://wbtenders.gov.in"**
**Sd/- Prodhan**
**Patikabari Gram Panchayat**
**Nowda, Murshidabad**

**DASPUR-I PANCHAYAT SAMITI**
**NOTICE INVITING TENDER/QUOTATION**
**Notice No:- 423/XV/D-1(01) & 425/XV/D-1(01), Date- 04/08/2026**
Tender/Quotation through inviting by the undersigned from the bonafied and experienced contractor, Registered Engineers Co-Operative societies & labour Co-Operative societies having credential of similar type of work at Daspur-I Panchayat Samiti. Application for Tender Paper Submitted- **13.08.2026.** Tender Paper Issue- **17.08.2026.** Tender Opening Date- **18.08.2026.** For Details Please Visit website **https://wbtenders.gov.in**
**Sd/-**
**Executive Officer**
**Daspur-I Panchayat Samiti**
**Daspur :: Paschim Medinipur**

**PWD (GOVT OF WB) TENDER NOTICE**
Superintendent Governor's Estate, West Bengal invites Notice Inviting **Short Bid N.I.B. No.: 03 of 2026-27 of SGE/WB** for works sl-01 "Temporary arrangement by hanger or canopy including seating arrangement with allied necessary decorators item and other logistic supports for "At Home" Reception, at Amrit Udyan (formerly known as South West Lawn) within Lok Bhavan Kolkata, in connection with celebration of the 80th Independence Day on 15th August, 2026." sl-02 "Arrangement of temporary nature for High Tea refreshment of "At Home" Reception Guests, at Shanti Van (formerly known as South East Lawn) within Lok Bhavan Kolkata, by Hanger / Canopy, seating, supply of necessary decorator's items and other logistic supports, in connection with celebration of the 80th Independence Day on 15th August, 2026." Estimated Amount put to Tender: as per quoted rate, Last date & time for receiving sealed bid 05.08.2026 up to 1.30 p.m. Details may be seen in website: **https://wbpwd.gov.in/**
PWD helpline No: **(033)-2223 6236.**
Corrigendum, if issued will be published in Dept. web site only. If any discrepancy arises between different sources of advertisement, the advertisement in Dept. website will prevail.
**Sd/-**
**Superintendent**
**Governor's Estate, West Bengal**

**ASANSOL DURGAPUR DEVELOPMENT AUTHORITY**
(A Statutory Body of the Government of West Bengal)
1st Administrative Building, City Centre, Durgapur - 713216
**TENDER ID No. 2026_ADDA_1035854_1**
**Operation of ADDA Office Canteen for Public Purpose on License Basis**
ADDA invites e-tender from experienced tenderer / bidder for Operation of ADDA Office Canteen. Detailed information is available in the website **www.addaonline**, **www.wbtenders.gov.in**.
**Sd/-**
**CEO, ADDA**

**ASANSOL DURGAPUR DEVELOPMENT AUTHORITY**
A Statutory Authority of the Government of West Bengal
(Under Urban Development & Municipal Affairs Department)
1st Administrative Building, City Centre, Durgapur - 713216
**ABRIDGED NOTICE**
**TENDER ID.: 2026_ADDA_1035674_1**
Asansol Durgapur Development Authority (ADDA) invites RFP for an Integrated Software for Development, Implementation and Maintenance of Online Land Management System.
Last Date of Submission : 18.08.2026
For details visit the eTendering Portal at **http://wbtenders.gov.in** or ADDA's website at **http://addaonline.in**
**Sd/- Chief Executive Officer**
**Asansol Durgapur Development Authority**

**DUM DUM MUNICIPALITY**
**44, Dr. Sailen Das Sarani, Kolkata-700028**
DUM DUM MUNICIPALITY HAS published E-tender in the Govt website: **"wbtenders.gov.in."** related to Comprehensive Annual Maintenance contract for Air Conditioning System installed in Dum Dum Municipal Town Hall. vide memo no **493/ DDM/GEN/ ADMIN/26-27, Dtd 28/07/2026.** Published on **04/08/2026**. The Last date for dropping Bids is **12/08/2026.** Techno commercial Bids opening is on **14/08/2026.**
**Sd/- Executive Officer**
**Dum Dum Municipality**

**NOTICE INVITING ONLINE ITEM RATE TENDER**
**Notice Inviting e-Tender No. 03/EE-sWM/NKDA/2026-27**
**Name of Work: Supplying and Spreading of Carbolic Acid at any Places/Locations within the Jurisdiction of NKDA, Newtown, Kolkata for Years.**
Online Item Rate Tender are invited by the Executive Engineer-SWM New Town Kolkata Development Authority Vide Memo No. **4954/NKDA/ Engg. (SWMyCA 02(Diff. area sreading of Carbolic Acidy2025 dated 04.08.2026** for the work. Having tender amount- Agency has to be Quote only. Bid submission closing date **24.08.2026 up to 2.00 P.M.** For other details please visit our website at **www.nkdamar.org** & **https:/lwbtenders.gov.in** and the office notice board Newtown, Kolkata -700156
**Sd/- Executive Engineer-SWM**
**New Town Kolkata Development Authority**

**RAJPUR-SONARPUR MUNICIPALITY**
**Harinavi, 24 Parganas(S)**
**SHORT TENDER NOTICE**
**NIA No.: WBMAD/ULB/RSM/42/E-GOV/SI/2026-27, dated 24.07.2026. For details visit: http://www.wbtenders.gov.in**
**Sd/-**
**Chairman**
**Rajpur-Sonarpur Municipality**

**Chakdaha Municipality**
**Chakdaha, Nadia**
**Tender Notice**
Chakdaha Municipality invites e-tender vide **tender reference no: WBMAD/CM/WBR/NIT-3 (2nd call)/2025-26 & Tender Id: 2026_MAD_5017856_1** for rejuvenation of Municipal Pond in Ward No. 20. For further information, please visit **www.wbtenders.gov.in**
**Sd/-**
**Chairman**
**Chakdaha Municipality**

**DUBRAJPUR DEVELOPMENT BLOCK**
**DUBRAJPUR : BIRBHUM**
**Abridged Notice Inviting Tender**
**Tender Notice No - 06/DDB/2026(VB-G RAM G)**
**Memo No - 1745/DDB/2026**
**Dated – 03/08/2026**
**Block Development Officer, Dubrajpur Development Block invites Tenders for 11 (Eleven) no of work closed on 10.08.2026 at 06.55 PM. Detailed information including downloading and uploading time are available from the website wbtenders.gov.in**
**Sd/- Block Development Officer**
**Dubrajpur Development Block**
**Dubrajpur Birbhum**

**TEMDER**
An E-tender for **SUPPLYING & INSTALLATION OF COMPUTER, PRINTER AND SCANNER AT DISTRICT SARFAESI SECTION, SOUTH 24 PARGANAS** has been floated with Tender **ID.2026_DMSP_ 5017880_1** vide **memo no. 1229/NZ DT. 04.08.2026 QSF/NZ-02/36**
For details, please visit **www.s24pgs.gov.in** & **https://tenders.wb.gov.in**
**Memo No: 3085/DICO/S-24 Pgs. Dt- 04-08-26**
**Sd/- Additional District Magistrate (Gen.)**
**South 24 Parganas, Alipore**

**পূর্ব রেলওয়ে**
চিফ ওয়ার্কস ম্যানেজার, পূর্ব রেলওয়ে, লিলুয়া, ক্যারেজ ও ওয়াগন ওয়ার্কশপ, পোস্ট অফিস-লিলুয়া, হাওড়া-৭১১২০৪ নিম্নলিখিত কাজের জন্য রেলওয়ের খ্যাতনামা, অনুমোদিত ও যোগ্য কন্ট্র্যাক্টর এবং সরকারী/সরকার অধিগৃহীত সংস্থার ডিপার্টমেন্ট-এর যথাযথ তালিকাভুক্ত কন্ট্র্যাক্টরদের কাছ থেকে ই-টেন্ডার আহ্বান করছেনঃ **(১) টেন্ডার নংঃ ইএনজিজি-পিডব্লুডিস্টাফ-২৫-২৬এলএলএইচ-আর২, তারিখঃ ০১.০৮.২০২৬। কাজের নামঃ** গ্রাউন্ড ফ্লোর ও মেজেনাইন ফ্লোরে স্টাফদের জন্য লকার, বেঞ্চ, চেঞ্জিং এরিয়া সহ এবং পিডব্লুডি স্টাফদের জন্য চিহ্নিত পরিকাঠামোগত সুবিধাবলী। **টেন্ডার মূল্যমানঃ** ৩,৭২,৫৭,৫০৪.৫৩। **বায়না মূল্যঃ** ৭,৪৫,২০০। **সম্পাদনের সময়সীমাঃ** ২৭০ দিন। **(২) টেন্ডার নংঃ এইএন- মেনট্যানেন্স-২৬-২৭-এলএলএইচ, তারিখঃ ০১.০৮.২০২৬। কাজের নামঃ** এইএন/ডব্লুএস/লিলুয়া-এর অধীনে সি অ্যান্ড ডব্লু ওয়ার্কশপ, লিলুয়া ও লিলুয়া রেলওয়ে কলোনিতে ৩ বছরের জন্য ইমার্জেন্সি অ্যাসেট যেমন পাইপলাইন ও স্যানিটারি ইনস্টলেশন, দরজা, জানলা, কাঠের কাঠামো, গাঁথনির কাঠামো, লোহার কাঠামো, রুফিং শীট, গাটার, লোহার দরজা, গ্রিলের গেট ইত্যাদির অপ্রত্যাশিত ও জরুরিভিত্তিক ছোটোখাটো মেরামতি/প্রাত্যহিক রক্ষণাবেক্ষণ এবং বর্তমান জল সরবরাহের পাইপলাইনের ভাল্‌ভগুলির সামগ্রিক পরিচালনা (দিবারাত্র)। **টেন্ডার মূল্যমানঃ** ১,৬৩,৭৩,৭৩২.১৬। **বায়না মূল্য ঃ** ৩,২৭,৫০০। **সম্পাদনের সময়সীমাঃ** ০৩ বছর। **টেন্ডার নথির মূল্য ঃ** শূন্য (ক্র. নং ১ ও ২ প্রতিটির জন্য)। **টেন্ডার বন্ধের তারিখ ও সময়ঃ** ২৪.০৮.২০২৬ বেলা ১২টা পর্যন্ত। (ক্র. নং ১ ও ২ প্রতিটির জন্য)। বিস্তারিত টেন্ডার ও সংশোধনী (যদি থাকে) ওয়েবসাইট **https://www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে টেন্ডারদাতাদের প্রস্তাব জমা দিতে হবে। কোন ম্যানুয়াল প্রস্তাব গ্রাহ্য হবে না।
(MISC-126/2026-27)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুনঃ @EasternRailway easternrailwayheadquarter

**পূর্ব রেলওয়ে**
**বিড নম্বরঃ জিইএম/২০২৬/বি/৭৮৫৬৩৯৫, তারিখঃ ৩০.০৭.২০২৬।** ডেপুটি চিফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার (এম), পূর্ব রেলওয়ে, লিলুয়া, হাওড়া, পিন-৭১১২০৪ নিম্নলিখিত কাজের জন্য বিড আহ্বান করছেনঃ **বিড শেষের তারিখ/সময়ঃ** ২০.০৮.২০২৬ সন্ধ্যা ৬টা। **বিড খোলার তারিখ/সময়ঃ** ২০.০৮.২০২৬ সন্ধ্যা ৬.৩০ মিনিট। **বিড প্রস্তাবের বৈধতা (শেষের তারিখ থেকে)ঃ** ৯০ (দিন)। **অফিসের নামঃ** ক্যারেজ ও ওয়াগন ওয়ার্কশপ, লিলুয়া। **অভিযোগের প্রতিবিধানের জন্য যোগাযোগের বিবরণঃ** এইচওডি ইমেল আইডিঃ yatishkr.93@gov.in, ক্রেতার ইমেল আইডিঃ ranajit.kroy@gov.in। **আইটেম ক্যাটিগরিঃ** পরিষেবার জন্য কাস্টম বিড- কাজের পরিধি অনুযায়ী লিলুয়া রেলওয়ে কলোনি যান্ত্রিক পদ্ধতিতে পরিষ্কার করা। **অনুরূপ ক্যাটিগরিঃ** ফেসিলিটি ম্যানেজমেন্ট পরিষেবা- ফলাফল ভিত্তিক। পরিষ্করণ, পরিচ্ছন্নতাবিধান ও জীবাণুমুক্তকরণ পরিষেবা- ফলাফল ভিত্তিক। **চুক্তির সময়সীমাঃ** ৩ বছর। **বিডারের ন্যূনতম গড় বার্ষিক টার্নওভার (৩ বছরের জন্য)ঃ** ১৭৮ লাখ। **একই/অনুরূপ পরিষেবার প্রয়োজনীয় অতীত অভিজ্ঞতার বছরের সংখ্যাঃ** ১ বছর। **অনুরূপ পরিষেবার অতীত অভিজ্ঞতার প্রয়োজন আছে কিনা ঃ** হ্যাঁ। **টার্নওভারের যোগ্যতামানঃ** কারিগরি মূল্যায়ণের সময় ক্রেতা কর্তৃক যাচাই করা হবে। **অভিজ্ঞতার বছর ও টার্ন ওভারের ক্ষেত্রে এমএসই ছাড় আছে কিনাঃ** না। **অভিজ্ঞতার বছর ও টার্ন ওভারের ক্ষেত্রে স্টার্টআপ ছাড় আছে কিনাঃ** না। **বিক্রেতার কাছ থেকে প্রাপ্য নথিপত্রঃ** অভিজ্ঞতার শর্তাবলী, বিডার-এর টার্নওভার, শংসাপত্র (এটিসি-তে চাওয়া)। *কোন বিডার অভিজ্ঞতা/ টার্ন ওভারের শর্তাবলীর ক্ষেত্রে ছাড় চাইলে, সেই ছাড়ের জন্য তাঁর যোগ্যতা প্রমাণে সমর্থনকারী নথিপত্র ক্রেতার মূল্যায়নের জন্য আপলোড করতে হবে। **বিডে অংশগ্রহণকারী সকল বিডারদের কাছে বিডারগণ কর্তৃক আপলোডকৃত নথিপত্র প্রকাশ করতে চাইবেন কিনা ?ঃ** হ্যাঁ। (টেন্ডার/বিড প্রক্রিয়ার সময়কালে স্পষ্টীকরণ বা প্রতিনিধিত্বের অংশ হিসাবে দাখিল করা নথিসমূহ লগ ইন করার পরে অন্যান্য অংশগ্রহণকারী বিডারদের কাছেও প্রদর্শিত হবে)। **স্বাভাবিক বিড সম্প্রসারণ নিষ্ক্রিয় করার উদ্দেশ্যে ন্যূনতম প্রয়োজনীয় বিডের সংখ্যাঃ** ১। **যে সংখ্যক দিনের জন্য বিড স্বাভাবিকভাবে সম্প্রসারিত হবে ঃ** ৭। **স্বাভাবিক সম্প্রসারণের সংখ্যা ঃ** ১। **আরএ-তে বিড সম্ভবঃ** না। **বিডের ধরনঃ** টু প্যাকেট বিড। **কারিগরি মূল্যায়নের সময় কারিগরি স্পষ্টীকরণের অনুমোদিত সময়ঃ** ২ দিন। **টাকায় অনুমিত বিড মূল্যমান (সকল কর সমেত)ঃ** ৩,৫৪,৮১,৮২৮.৪৫ টাকা। **মূল্যায়নের পদ্ধতি ঃ** মোট মূল্যমান অনুযায়ী মূল্যায়ন। **মূল্য বিভাজন নির্দেশক আর্থিক নথি প্রয়োজন কিনা ঃ** হ্যাঁ। **সালিশি ধারা ঃ** না। **মধ্যস্থতার ধারা ঃ** না। **উপদেষ্টা ব্যাঙ্ক ঃ** স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া। **ইএমডি-র পরিমাণঃ** ৩,২৭,৪১০ টাকা।
(MISC-124/2026-27)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুনঃ @EasternRailway easternrailwayheadquarter

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- মোবাইল
৯৩৩১০৫৯০৬০/ ৯০০৭২৯৯৩৫৩

**GOVERNMENT OF WEST BENGAL**
**PWD TENDER NOTICE**
Assistant Engineer, Amta Hwy Sub-Div, P.W.(R).D., invites online tenders for four nos work for different roads as per work schedule vide-WB/PWRD/AE/AHSD/NIT08/2026-27. Tender ID: 2026_WBPWD_5017816_1/2/3/4. Bid Submission Start Date (Online): 06.08.2026 from 11.15 Hrs. Bid Submission Last Date (Online): 14.08.2026 up to 13.00 Hrs. Corrigendum if any will be published in www.wbpwd.gov.in Sd/- AE/AMTAHSD/PWRD.
ICA- T14239(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**E-TENDER NOTICE**
Date corrigendum for e-Tender is invited by the undersigned for the work Annual Maintenance Estimate of Electrical Installation of State Labour Institute -- AMC of Air Conditioner Machines." Tender ID-2026_WBPWD_5017112_1. E-Tender No:WBPWD/EE/05/ IR/T/KCED/II of 2026-27(2nd call) .Bid Submission end date 12.08.2026 up to 02.00 P.M. Website: http://www.pwdwb.in for details contact at the office of the undersigned. Corrigendum if any will be published only the said website. Sd/- B.Mandal. Executive Engineer, PWD Kolkata Central Electrical Division.
ICA- T14283(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**PWD TENDER NOTICE**
Executive Engineer, P.W.D, North 24 Prgs Electrical Division invite online e-Tender for the work of: Upkeepmemt of Electrical and allied installation with provision of materials and manpower at Habra State General Hospital with Allied area.--- AMC of AC machine for the period of 1 (one) Year. NIT No: WBPWD/EE/N24/EL/e-NIQ- 44/26-27. Tender id: 2026_WBPWD_5017863_1 Prebid Meeting Date: 10/08/2026 at 12.00 Hrs. Bid Submission start date (Online): 11/08/2026. Bid Submission Closing date (Online): 18/08/2026. Corrigendum if any will be published website only. Details of NIT & tender documents may be downloaded from http://tenders.wb.gov.in Sd/-Executive Engineer, P.W.Dte. North 24 Parganas Electrical Division.
ICA- T14315(1)/2026

**WBEIDC**
Webel Bhavan, Sector-V, Salt Lake, Kolkata 700 091.
Notice Inviting e-Tender No : WEBEL/EOT/W/26-27 /000014 (Re-Tender : 2nd Call), Dated : 30-07-26
**Name of work :** Civil Maintenance works at Kalyani IT Park (Phase 2)
**TOTAL ESTIMATED COST :** Rs 1,63,740.17 Including GST
Due date of Submission : 7 days from publication
Interested parties may go through website https://wbtenders.gov.in and https://www.webel.in
For details contact : 9619898448
ICA- T14270(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**WRI&DD.e-NIT**
On behalf of The Governor of West Bengal The Executive Engineer (A-I),SWI Division No.-II, Burdwan, Purta Bhavan,4Th.Floor,Purba Burdwan,713103 invites3RD CALL of e-N.I.T. NO. 04/2026-27 from the bonafied resourceful Agencies having experience in the work as mentioned in e-NIT in any Govt. Deptt/Govt.Undertaking/Semi- Govt. organisations etc. for the e-NIT No. 04/2026-27 for "Net Work Monitoring of water level and collection of water samples for chemical analysis in the different Blocks in the District of PurbaBurdwan for 213 nos. PHS for the year 2026-2027" For the Financial Year 2026-2027: Tender ID: **2026_SWID_1035898_1**; Amount put to Tender :Rs.4,69,568 ; EMD: Rs.9700/- ; Time of completion : FY 2026-27
**Last date & Time of Bid Submission & details are mentioned in http://wbtenders.gov.in**
Sd/-
E.E.(A-I),SWID-II, Burdwan
ICA- T14271(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**e-TENDER NOTICE**
Online bids are invited by the undersigned for the following work as details given below:
eNIT No.-WBPWD/AE/DHESD/eNIT-01/26-27. Tender ID-2026_WBPWD_5017605_1. Name of Work: S & L of 1.1 KV grade XLPE armoured Al cable from S/S panel to the Morgue panel at DHGMC&H in South 24 Pgs, PWD. End Date: 13/08/2026 upto 18-00 hrs. Website:- https://etender.wb.nic.in or https://wbtenders.gov.in Sd/- Assistant Engineer, PWD, Diamond Harbour Elecl. Sub-Divn.
ICA- T14274(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**E-TENDER NOTICE**
e-NIT No.-WBPWD/AE-NESD/NIQ-21/2026-27.Tender ID-2026_WBPWD_5017820_1. Name of Work: Temporary power arrangement through different capacity diesel generator sets, in connection with VVIP visit, Government functions, cultural programmes and other important events, as & when required at Rabindra Sadan, Kolkata. Bid Submission End Date: 12/08/2026 upto 01-00 p.m.; Website: -https://etender.wb.nic.in or https://wbtenders.gov.in Sd/-( A. HOSSAIN) Assistant Engineer, P.W.Dte., Nandan Electrical Sub-Division, 1/1 A.J.C Bose Road, Kol-20.
ICA- T14281(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**PWD TENDER NOTICE**
AE/PWD/Barasat Sub-Division Notice invites e-tender no. 09 of 2026-27 for these works: **1)** Refilling of Installed Fire Extinguishers at North 24 Parganas District Register Office, Barasat under Barasat Division, P.W.Dte., Estt. Amt.: Rs. 77,420/-, Tender ID: 2026_WBPWD_5017852_1. **2)** Urgent requirement for extended the roof shed at District Magistrate Bungalow, Barasat under Barasat Division, P.W.Dte., Estt. Amt.: Rs. 1,18,617/-, Tender ID: 2026_WBPWD_5017852_2. **3)** Repairing of dilapidate ceiling and walls of lift machine room at Administrative Building of North 24 Parganas (5th floor) under Barasat Division, P.W.Dte., Estt. Amt.: Rs. 1,24,159/-, Tender ID: 2026_WBPWD_5017852_3. **4)** Concrete casting works at New Administrative Building-I premises at North 24 Parganas, Barasat under Barasat Division, P.W.Dte., Estt. Amt.: Rs. 97,410/-, Tender ID: 2026_WBPWD_5017852_4. **5)** Renovation and up gradation of a staff toilet at the bungalow of the Additional District Magistrate (LR), Barasat under Barasat Division, P.W.Dte., Estt. Amt.: Rs. 98,446/-, Tender ID: 2026_WBPWD_5017852_5. **6)** Jungle cutting and sludge removal from drain of Barasat Government Medical College and Hospital under Barasat Division, P.W.Dte., Estt. Amt.: Rs. 2,51,364/-, Tender ID: 2026_WBPWD_5017852_6. **7)** Outside painting works at front portion of building of District Magistrate office on occasion of 80th Independence Day under Barasat Division, P.W.Dte., Estt. Amt.: Rs. 1,60,669/-, Tender ID: 2026_WBPWD_5017852_7. Bid Submission End Date is 10.08.2026 at 15.00 Hours. Any Corrigendum / Addendum related to this NIT, if published, will be available in the e-portal only. For details, visit the website - http://tenders.wb.gov.in Sd/- Md Murshid Alam, Assistant Engineer, PWD, Barasat Sub-Division
ICA- T14303(3)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
***Notice Inviting E-Tender***
AE, Kolkata South Sub-Division No. IV, H. Dte., ODRC RHE, Bl-R-J, Kolkata-38, invites e-tender (online) for the work vide Tender ref. no. WBHOUSING/AE/KSSD_IV/eNIT_03 OF 26_27 Tender ID No. 2026_HSD_1035516_1, Bid submission end date (Online) is 18.08.2026 at 12.00 PM. Detail inf./download/upload will be available from the website http://www.wbtenders.gov.in.
ICA- T14262(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**SDB Quotation Notice Corrigendum**
**eNIQ No.- WBSDB/EE/CED-III/NIQ-02(e)/2026-27**
**Vide Memo No.: - 470/EE/CED-III/NIQ-02/2026, Dated : - 24/07/2026**
Corrigendum has been accorded due to date extended. Please see the website **https://wbtenders.gov.in/nicgep/app** Bid submission end date : 10.08.2026 at 11:00 Hrs. Sd/- Executive Engineer, Civil Engineering Division No-III, Sundarban Development Board.
ICA- T14258(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**PWD TENDER NOTICE**
Assistant Engineer, P.W.Directorate, Bongaon Sub- Division invites online e-quotation for the work of WBPWD/AE/BNGSD/NIeQ-01/2026-2027.1st Corrigendum regarding extension of dates Tender ID : 2026_PWD_5017225_1. The Bid submission dates for the eNIQ No. 01 of Assistant Engineer, P.W.D., Bongaon Sub-Division is hereby extended upto 08.08.2026 due to unavoidable circumstances. Corrigendum if any will be published in website only. Details of N.I.e.Q and Tender Documents may be downloaded from : https://tenders.wb.gov.in Sd/- Assistant Engineer, Bongaon Sub -Division, P.W.Dte.
ICA- T14288(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**PWD TENDER NOTICE CORRIGENDUM**
All other terms & conditions of NIQ and BOQ will remain unchanged except last date of submission of bid will be upto 17/08/26 upto 12.00 Noon instead of 04/08/26 at 12.00 Noon and bid opening date will be on 19/08/26 at 12.00 Noon instead of 06/08/26 at 12.00 Noon for "Electrical Work for Vertical extension of ANM (R) Traning School at 3rd Floor within the premises of Vidyasagar S.G. Hospital, Behala-SITC of Air Conditioning Machines." vide Tender ID - 2026_WBPWD_5017115_1 invited by the E.E.-II, KSHED, PW Dte. All documents can be seen / obtained from the websites-tenders.wb.gov.in and office Notice Board. Sd/-Executive Engineer-II, Kolkata South Health Electrical Division, PW Dte..
ICA- T14318(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**PWD e-TENDER NOTICE**
Executive Engineer, PWD, Kolkata South Division invites e-Tender vide-NIT No. EE/KSD/NIT-4E/2026-27 for the works: Annual repair maintenance of S & P and Building works of different building in the campus of State Music Academy. Estimated amount Rs. 2,65,000.00, Tender ID : 2026_WBPWD_5017869_1. Date of uploading of N.I.T. Documents (Online) (Publishing Date) (online) 06.08.2026 from 05:00 P.M. Technical & financial bid proposal Submission end date (Online) 14.08.2026 at 5:00 P.M. Details of e-NIT and other documents may be downloaded from https://tenders.wb.gov.in Corrigendum, if any will be published in the said departmental website only. Sd/- Executive Engineer, P.W.D., Kolkata South Division
ICA- T14311(2)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**e-TENDER NOTICE**
e-Tender is invited by the Executive Engineer, Central Mechanical Division, PHE Dte. on behalf of Governor of West Bengal vide Ref. No. PHE / CMD / eNIT _ 06/26-27 and ID: 2026_PHED_1035959_1 to 4 for 1 to 3) S & I of Submersible P/M, Main switch, Starter, Chlorination System,& lighting arrangement of Nasratpur, Bhatar, Dirghapara P.H. No - III w/s scheme under CMD, PHE, Dte, Dist: Purba Bardhaman. 4) Supply & delivery of Polyfilm roll for Mobile water Treatment Unit under Central Mechanical Division, P.H.E. Dte., (Sl. No. 1 to 4). Details will be available in the Website wbtenders.gov.in & wbphed.gov.in. The last date for Submission of tender 14/08/2026 upto 5:30 P.M. Hours. Sd/- The Executive Engineer, Central Mechanical Division, PHE Dte.
ICA- T14309(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**CORRIGENDUM**
Please note Bid submission end date (online) is extended to 14.08.2026 up to 14.00 P.M. for the following job "Annual comprehensive maintenance of walk in cooler cold room located at Central Medical Stores." vide e-tender no. WBPWD/EE-I/CKHED/eNIT-26/26-27, Tender ID: 2026_WBPWD_5016629_1. Detail information/download/upload will be available from the website: http://wbtenders.gov.in & http://pwdwb.in Sd/- Executive Engineer-I, P.W.Dte., Central Kolkata Health Electrical Division
ICA- T14304(1)/2026


**GOVERNMENT OF WEST BENGAL**
**NOTICE INVITING QUOTATION**
Annual Maintenance of Electrical installation of whole system at Maulana Abul kalam Azab Bhawan--- Replacement of Drives for 02(two) nos. (G+7), 08 (eight) Passenger (OTIS) make Lifts. Tender No: AE/BESD-I/e-NIQ-06/26-27_3rd Call & e-Tender ID No. 2026_WBPWD_5017829_1 Document Download Closing Date- 17.08.2026 up to 12.00 pm. Details may be downloaded from tenders.wb.gov.in Sd/-Assistant Engineer, PWD Bidhannagar Electrical Sub-Division-I.
ICA- T14287(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**NOTICE INVITING e-TENDER**
Assistant Engineer, Uluberia Construction Sub Division, PWD invites tender through online vide NIeT No.- WBPWD/AE/UCSD/NIeT-02/2026-27. Name of works: 1) Regular Maintenance of Sanitary and Plumbing works for Gabberia State General Hospital for the period of one year. 2) Regular Maintenance of Civil works for Gabberia State General Hospital for the period of one year. 3) Regular Maintenance of Sanitary and Plumbing works for Fort Gloster State General Hospital, Bauria , Howrah for the period of one year. 4) Regular Maintenance of Civil works for Fort Gloster State General Hospital, Bauria , Howrah for the period of one year. 5) Regular Maintenance of Civil works for Sarat Chandra Chattopadhyay Govt. Medical College and Hospital, Uluberia, Howrah for the period of one year. 6) Regular Maintenance of Sanitary and Plumbing works for Sarat Chandra Chattopadhyay Govt. Medical College and Hospital, Uluberia, Howrah for the period of one year. 7)Tender ID: 2026_WBPWD_5017813_1/2/3/4/5/6. Bid Submission end date: 14.08.2026 at 14.00 hrs. Details will be available from the web site https://tenders.wb.gov.in and notice board of this office on all working days within office hours. Sd/-Assistant Engineer, Uluberia Construction Sub Division, PWD.
ICA- T14291(1)/2026


Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com
**Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত। **RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com
**সম্পাদক: সন্তোষ কুমার সিং**







# রোমাঞ্চে রাঙা রাঁচি



**সঞ্জয়কুমার দাস**

অসমীয়া চড়াই-উতড়াই পেরিয়ে পাথারকান্দি কলেজ অব এডুকেশন রচিত মসৃণ পথেই পেয়েছি কর্মের দিশা। গারো-খাসী-জয়ন্তিয়ার বিপদশঙ্কুল অপরূপ শোভা, মৌসিনরামের অবিরাম ধারাপাত ভেদ করে সেই কবেই পেরিয়ে এসেছি ছাত্র-জীবনের বন্ধুর পথ। সামাজিক-আর্থিক প্রতিষ্ঠা দিয়েছে পশ্চিমবঙ্গ বিদ্যালয় কৃত্যক আয়োগ। তারপর ভারতবর্ষ ও বাংলার সমাজজীবনে গড়িয়ে গেছে অঙ্কাতীত কিউসেক। ব্যক্তি জীবনের রেলপথেও ছুটেছে সুখ-দুঃখের বাষ্পশকট। জন্মসূত্রেই বেড়ে ওঠা গাঙ্গেয় অববাহিকায়। ফরাক্কা বাঁধ থেকে দশ-এগারো কিমি ভাটিতে গঙ্গা তীরবর্তী পশ্চিমপ্রান্তে গড়ে ওঠা জনপদ ক্রমশই বর্ধিষ্ণু পুরাতন জাতীয় সড়কের দুই পাড়ে। হালের জাতীয় সড়কে জনপদের আলিঙ্গনও অদূরবর্তী। এই অঞ্চলে সাম্প্রদায়িক সম্প্রীতির উপলব্ধি অন্ধজনেও পরখ করতে পারবেন। কিন্তু মাঝে মাঝেই যে সেই সম্প্রীতির দেওয়ালে চিড় ধরানোর অশুভ প্রয়াস লক্ষ্য করা গেছে, এ অস্বীকারে বরং সত্যেরই অপলাপ হয়। তবু জন্মভূমি আমাদের নিকট 'স্বর্গাদপি গরীয়সী'রূপে বিরাজমান। এতদঞ্চলের মানুষের নিকট গঙ্গা কোনও নদীর নাম নয়। বরং নদীই এখানে গঙ্গায় পর্যবসিত। গঙ্গা-ভাঙন এ অঞ্চলের মানুষের জীবনে ভয়ঙ্করতম অভিশাপ। আরও ত্রিশ-বত্রিশ কিমি ভাটিতে গিয়ে গঙ্গানদী বিভক্ত হয়ে পদ্মা নামে বাংলাদেশে এবং অন্যটি ভাগীরথী-হুগলী নামে বঙ্গোপসাগরে মিশেছে।

প্রাক-ব্রিটিশ সময়ে এই মুর্শিদাবাদ বৃহত্তর বাংলার রাজধানী ছিল। শিক্ষায়তনিক প্রতিবন্ধকতাকে পরাভূত করে আরও কিছুকাল ছাত্রদশায় বুঁদ হওয়ার লোভ সামলে উঠতে পারিনি বলেই ২০১৭ সালে প্রভাষক বন্ধু শ্রীজয়কুমার মন্ডলের সাথে পাড়ি জমানো রাঁচিতে। আমাদের আরও এক সঙ্গী শুকদেব ঘোষ। শুকদেব শ্রীজয়ের ছাত্র, সেট পাশ করে এম.ফিল করেছে। আমি ও শ্রীজয় নেট/সেটের প্রস্তুতি নিচ্ছি এবং পিএইচ.ডি র ফর্ম ফিলাপের জন্য রাঁচি যাচ্ছি। তবে শুধুই পিএইচ.ডির ফর্ম ফিলাপ নয়, রথ দেখা কলা বেচার ন্যায় আরও একটি উদ্দেশ্য, রাঁচি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ আয়োজিত দুইদিনব্যাপী এক জাতীয় আলোচনাচক্রে অংশগ্রহন।

পূর্বনির্ধারিত সূচি মেনেই আমরা পৌঁছে যাই পাকুড় স্টেশনে। পাকুড় পশ্চিমবঙ্গ সংলগ্ন ঝাড়খণ্ডের একটি জেলাশহর। ডাকবাংলা থেকে পশ্চিমদিকে যে রাজ্য সড়ক দক্ষিণাভিমুখে কিছুটা গিয়েই পশ্চিমে বাঁক নিয়েছে, সেটিই প্রবেশ করেছে ঝাড়খণ্ডে। চাঁদপুর সীমান্তবর্তী গ্রাম। চাঁদপুর পেরোলেই নজর কাড়বে একটি সাইনবোর্ড। যাতে লেখা 'পাকুড় জেলায় আপনাকে স্বাগতম'। কিন্তু ডাকবাংলা-পাকুড় সড়কপথ নিয়ে এক মজার অভিজ্ঞতা হয়েছে। অভিজ্ঞতাটি ঠিক কেমন? চোখ বন্ধ করে যাত্রাকালেও বলে দেওয়া সম্ভব সমসাময়িক অবস্থান। সৌজন্যে সড়কের বেহাল দশা। পাকুড়াভিমুখে চাঁদপুর পেরোলেই সড়ক যেন খানাখন্দে ভরা মৃত্যুফাঁদে পরিণত। তবে পৃথিবী ঘুরছে। ঘুরছে মানুষের ভাগ্যটাও। তাই একদা খানাখন্দে ভরা ঝাড়খণ্ডের রাজ্য সড়ক আজ পিচের কালো চাদরে ঢাকা, অথচ পশ্চিমবঙ্গ রাজ্য সড়কে অবস্থান করছে প্রশান্ত মহাসাগর। তবু এই প্রতিবন্ধকতা জয় করেই আমরা পৌঁছে গেলাম পাকুড় স্টেশনে। ট্রেন রাত্রি ১০টা ৫২ মিনিটে। ভাগলপুর-রাঁচি বনাঞ্চল এক্সপ্রেস। সময় মতো ট্রেন আসে, আমরা উঠে পড়ি। নির্দিষ্ট আসন গ্রহণ করি এবং শুয়ে পড়ি। দূরপাল্লার ট্রেনে বিশেষত ঘুমোনোর সুবিধেযুক্ত আসন সংরক্ষিত থাকলে আমার যেন ট্রেনকে ঘুমপাড়ানি মাসি-পিসি মনে হয়। কখন ঘুমের রাজ্যে ঢলে পড়ি বুঝতেই পারিনি। ঘুম যখন ভাঙল, তখন এক অপরূপ সৌন্দর্য মনের অন্দরে স্নিগ্ধতা ছড়িয়ে দিল। ট্রেন তখন সর্পিল বঙ্কিমতায় বৃক্ষশোভিত আলো-ছায়ার সাথে লুকোচুরি খেলতে খেলতে হুস হুস করে এগিয়ে চলছে পাহাড়ি বিচ্ছুর ন্যায়। কুয়াশার চাদর সরে গিয়ে স্বচ্ছতার অনাবিল আবেশ ঈশ্বরপ্রদত্ত মেগাপিক্সেলে লুটোপুটি খাচ্ছে। শিমুল-পলাশে-শালে-সেগুনে আবৃত পাহাড়ময় যাত্রাপথে সময় আমাদের উপহার দিয়েছে এক অভূতপূর্ব প্রকৃতির লাবণ্য। সময়টা মার্চ মাস। ৬ মার্চ। যাঁরা এই সময়টায় রাঁচি গিয়েছেন তাঁদের দৃষ্টি নিশ্চয়ই আটকে থাকবে পলাশের রাগিণীতে।

পলাশ ফুল বলতেই মনে পড়ে সরস্বতী পুজোর কথা। মার্চের ঝাড়খণ্ডী পাহাড়গুলো দেখলে মনে ভ্রম হবে অগ্ন্যুদ্গমের। যেন সারা পাহাড়ময় আগুন রঙে রাঙিয়ে দিয়েছে কোনো এক নিপুণ শিল্পী। শিল্পীই বটে। অদৃশ্য কোনো এক শিল্পীর নৈপুণ্যেই প্রকৃতির এহেন বিভূতি। ফাগুনের দোল রঙ উথলে পড়েছে পলাশের শাখায় শাখায়। প্রকৃতির এইরূপ এভাবে পরখ করছি এই প্রথমবার। পাকুড়-রাঁচি যাত্রাপথে ইতিহাস-ভূগোল একাকার হয়ে যায়। নির্দিষ্ট সময়ের ক'য়েক মিনিট পূর্বেই বনাঞ্চল এক্সপ্রেস রাঁচি স্টেশনের প্লাটফর্ম স্পর্শ করল। রাঁচির মাটিতে পা দিতেই স্বাভাবিকতার বশে এম.এস.ধোনির কাল্পনিক সৌরভ মনের অন্দরে কস্তুরী বাস ছড়িয়ে দিল। লটবহর সঙ্গে নিয়ে স্টেশন থেকে বেরিয়ে আসতেই অটোচালকদের 'কাছেরি চক, কাছেরি চক', 'কঙ্করবাগ', 'রাইতুরোড' ডাক শুনেই আমরা থমকে দাঁড়ায়। চাকুরীর ইন্টারভিউ-এ পরীক্ষকের প্রশ্নের উত্তর না জানা থাকলে যেমন পরিস্থিতির সম্মুখীন হতে হয়, আমাদের অবস্থা ঠিক তেমনই। সব নামগুলিই আমাদের শ্রবণেন্দ্রিয়ে বিসদৃশ ঠেকে। আমি বলি, 'হাম রাঁচি ইউনিভার্সিটি যায়েঙ্গে। আপ যায়েঙ্গে?' অটোম্যান বললেন, 'হাঁজি যায়েঙ্গে। চলিয়ে বইঠিয়ে।' পূর্ব অভিজ্ঞতা থেকে শ্রীজয়কে বলি ভাড়া চুক্তি করে নিতে। 'কিরায়া কিতনা জি?' - জিজ্ঞেস করে শ্রীজয়। উনি বলেন ,'তিশ রুপিয়া এক আদমিকা'। আমরা তা কমানোর চেষ্টা করেও ব্যর্থ হই। অটোতে বসি। উনি আরও প্যাসেঞ্জারের বন্দোবস্তে মনোনিবেশ করেন। নিরুপায় আমরা অপেক্ষা করতে থাকি। প্যাসেঞ্জারের বন্দোবস্ত হয়ে গেলে এক সময় অটো যাত্রা শুরু করে। রাঁচিতে অটোর সারি দেখলে মনে হবে পিপীলিকার কথা। সাদৃশ্য কর্মব্যস্ততায় আর বৈসাদৃশ্য সহনশীলতায়। সহনশীলতায় পিঁপড়ে বিশ্বতম। রাস্তার দুইধারে ঢাউস ঢাউস বিল্ডিংগুলি দেখতে দেখতে অটো একজায়গায় এসে থামে এবং ড্রাইভার আমাদের নামতে বলেন। আমরা জিজ্ঞেস করি, ইউনিভার্সিটি কোনোদিকে? উনি হাতের ইশারায় দেখান এবং বলেন 'সিধা পাঁচ মিনিট প্যায়দাল'। অনুসন্ধিৎসু নয়নযুগল মস্তিস্কে বার্তা পাঠাল মোড়টির নাম কাছেরি চক। কাছেরি চকের বাংলা করলে দাঁড়ায় কাছারি মোড়। ওনার ভাড়া চুকিয়ে দিয়ে আমরা প্যায়দাল শুরু করলাম। কিন্তু কিছুদূর গিয়েই সেপথগামী টোটোতে উঠে পড়লাম। মিনিট পাঁচেকের মধ্যেই এসে ইউনিভার্সিটির গেটে। গেটের দুপাশে ফল-সবজির দোকান। সদর গেট দিয়ে ঢুকে পড়তেই নজরে এলো পলেস্তরা খসা প্রাচীর। প্রবেশ পথের ডানদিকে একটি ছোট্ট অফিসঘর। অফিসঘরের সামনে দোচালা একটি টিনের ছাউনি। ছাউনির নীচে বিভিন্ন বয়সী ছেলে-মেয়ে, নারী-পুরুষের লাইন। শ্রীজয় জেনে আসল, এখানেই পিএইচ.ডির ফর্ম পাওয়া যাবে। অফিসঘরের অন্দরমহলে যাঁরা আসন অলংকৃত করেন তাঁরা তখনও পর্যন্ত এসে পৌঁছননি। আমরাও লাইনে দাঁড়াই। ফর্ম তোলা হয়। পূরণ হয়। ক্যাম্পাসের ভেতরেই এলাহাবাদ ব্যাঙ্কের শাখায় অর্থরাশি লাইন দিয়ে জমা করতে হয়। এক আধিকারীকের নিকট করাতে হয় ফর্মে সই। কিন্তু এতগুলি হয় হয়, অসংখ্য না-হয়ের প্রতিবন্ধকতা কাটিয়ে। এবং সবশেষে ফর্মটি জমা করে রসিদ সংগ্রহ করলে প্রথম পর্বের সমাধা ঘটে। খিদে আগে থেকেই পেয়েছিল, কিন্তু ফর্ম জমা হতেই খিদের মাত্রা এক লপ্তে এমন পরিমাণে বৃদ্ধি পেল যেন, পদযুগল আর এক পাও অগ্রসরে অপারগ। অগত্যায় জঠরাগ্নি নির্বাপণে আমরা এক ফাস্টফুডের দোকানে হাজির হলাম। জঠরাগ্নি নির্বাপিতের বিজ্ঞপ্তি না পাওয়া পর্যন্ত হাত ও মুখের নিরলস কর্ম-প্রয়াস চলতে থাকল। জঠরাগ্নি নির্বাপণ আধিকারিক প্রেস-কনফারেন্স করে সমাপ্তির কথা জানালেই আমরা অভয় পেলাম। কথায় বলে পেট শান্তি তো জগৎ শান্তি।

এবারে আমাদের গন্তব্য ইউনিভার্সিটির সেন্ট্রাল লাইব্রেরি হল। সেখানেই অনুষ্ঠিত হবে বাংলা বিভাগ আয়োজিত দুইদিনব্যাপী এক জাতীয় স্তরের আলোচনাচক্র। সেখানে পৌঁছয়, আলোচনাচক্রে অংশগ্রহনের জন্য প্রয়োজনীয় ফর্ম ফিলাপ ও ফি'জ জমা করলে তাঁরা প্রত্যেক অংশগ্রহণকারীদের দিলেন একটি প্লাস্টিক কভার ফাইল। যে ফাইলের ভেতরে আছে একটি লেখার প্যাড, অনুষ্ঠান সূচি, একটি কলম ও টিফিন এবং লাঞ্চের টিকিট। হলের ভেতরে প্রবেশ করতেই এক অসীম আনন্দ হৃদয়ের তন্ত্রীতে সুরের দোলা জাগাল। মঞ্চাভিমুখের ডানদিকের তৃতীয় সারিতে, একেবারে ডানদিকে আমাদের বসার ব্যবস্থা হলো। মঞ্চ তখন তারকা খচিত। কে নেই সেখানে? অধ্যাপক ও নাট্যব্যক্তিত্ব সৌমিত্র বসু, অধ্যাপক শ্রুতিনাথ চক্রবর্তী, সাহিত্যিক রামকুমার মুখোপাধ্যায়, নাট্যকার বিভাস চক্রবর্তী, অভিনেতা-নাট্যকার অধ্যাপক মনোজ মিত্র, অধ্যাপিকা সুমিতা চক্রবর্তী, অধ্যাপিকা মুকুল বন্দ্যোপাধ্যায় প্রমুখ। এক দশক পূর্বে মাস্টার্সে যে 'সাজানো বাগান' নাটক পড়েছিলাম, তার স্রষ্টাকে এভাবে চোখের সামনে দেখতে পাওয়ার আনন্দে ছেলেমানুষি ভর করছিল আমার মনোভূমিতে। এই প্রথম বাংলা সাহিত্যের প্রথম শ্রেণির কোনো লেখককে চাক্ষুষ করলাম। সকলের বিশেষত মনোজ মিত্র মহাশয় ও বিভাসবাবুর বক্তব্যে উঠে আসে তাঁদের ব্যক্তিজীবনের নানান স্মৃতিকথা। মনোজবাবু যখন ভাঙা ভাঙা কণ্ঠস্বরে নাট্যালোচনায় মগ্ন তখন সারা হল জুড়ে অলৌকিক নিস্তব্ধতা গ্রাস করেছে। উপস্থিত সকলেই সবটুকু আস্বাদনের জন্য মরিয়া হয়ে উঠেছেন। একটা ঘোর। ঘোর কেটে গেলে দেখি মনোজবাবু আমাদের সারির প্রথম সারিতেই আসন গ্রহণ করেছেন। অর্থাৎ লেখকের সাথে পাঠকের দূরত্ব মধ্যের একটি মাত্র সারি। সময় হল মধ্যাহ্ন ভোজনের। মধ্যাহ্ন ভোজনের ব্যবস্থা হয়েছে বাংলা বিভাগে। বাংলা বিভাগটি এই সেন্ট্রাল লাইব্রেরি হল থেকে হাঁটা পথে। অতিথিদের জন্য গাড়ির ব্যবস্থা। হলের বাইরে বেরিয়ে এলেন অতিথিরাও। মনোজ মিত্র মহাশয়কে হলের সিঁড়িতে পেয়ে ছবি তোলার লোভ সামলাতে পারিনি। গিয়ে সরাসরি বলি, 'স্যার আপনার সাথে একটি ছবি তুলতে চাই'। উনি বললেন 'ছবি তুলবে?'। কালো প্যান্ট ও সাদা জামা(ইন ছাড়া), কালো জুতো মাথায় ধূসর বর্ণের টুপি, চোখে চশমা। দাড়ি গোঁফ কামানো। দারুণ দেখাচ্ছিল মিত্র মহাশয়কে। ওনার পাশে দাঁড়িয়ে ছবি তোলা হল। আরও অনেকে তুললেন। তারপর অতিথিদের গাড়ি বেরিয়ে গেলে আমরা অনেকেই বাংলা বিভাগের উদ্দেশ্যে রওনা হলাম। আমাদের পথ দেখিয়ে নিয়ে যাচ্ছেন ব্রজগোপালবাবু। সেন্ট্রাল হল থেকে বেরিয়ে রাঁচি কলেজ মোড় হয়ে একটা বাঁক। সোজা মিনিটখানেক হাঁটলেই বামদিকে একটি গেট। গেটটি একটি মাঠের সাথে লাগানো। ব্রজবাবু বললেন, এই মাঠেই ধোনি স্যার প্রথম জীবনের ক্রিকেটের প্রস্তুতি নিতেন। আর ধোনি স্যারের বায়োপিক (সুশান্ত সিং রাজপুত অভিনীত) 'এম.এস.ধোনি দ্য আনটোল্ড স্টোরি'র শুটিংও হয়েছে এই মাঠেই। শোনার পরেই কেমন এক ভালোলাগা ভর করল। ফিট পাঁচেক উচ্চ প্রাচীরটাই দুই হাত রেখে একটা লাফ দিলাম। ঈশ্বরপ্রদত্ত মেগাপিক্সেলে এক নিমেষেই যে ছবি তোলা হল, তা মনের ল্যাবে আজও অমলিন। যে রাস্তা দিয়ে আমরা যাচ্ছি, সেটি সোজা চলে গেছে এক্সামিনেশন হলের দিকে। মিনিট খানেক এগিয়েই আবার বামদিকে বাঁক নিতে হলো। পিচ রাস্তা। কিন্তু পিচ উঠে গিয়ে পাথরকুচি সব বেরিয়ে পড়েছে। আঁশ ছাড়িয়ে নিলে মাছকে দেখতে যেমন লাগে ঠিক তেমনই। আবার মিনিট খানেক সোজা এগোলেই বামদিকে ভূগোল বিভাগ এবং ডানদিকের নতুন ভবনটির গ্রাউন্ড ফ্লোরে বাংলা বিভাগ। বাংলা বিভাগের উপরতলায় হিন্দি বিভাগ ও তার উপরতলায় উর্দুবিভাগ।

বিভাগটি পরিপাটি। প্রবেশ করলেই নজর কাড়বে রবীন্দ্রনাথ ঠাকুরের আবক্ষ মূর্তি। বহির্বঙ্গে বিশেষত বিহার-ঝাড়খণ্ডে রবীন্দ্র-প্রীতি চোখে ধরার মতো। আর ভবনটিও উল্লেখযোগ্য সৌন্দর্য্যে ভরপুর। ইতিপূর্বে পাটনা, ভাগলপুর ও আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ দেখার সুযোগ হয়েছে। পাটনার দ্বারভাঙ্গা হাউসে কাঠের সিঁড়ি বেয়ে প্রথমতলে বাংলা বিভাগ। পৃষ্ঠদেশে হিন্দি বিভাগ। হিন্দি বিভাগের বারান্দায় দাঁড়ালেই গঙ্গার অনাবিল সমীরণ ধৌত করবে আপনাকে। আর আসাম বিশ্ববিদ্যালয়ের বিভাগগুলি এক-একটি টিলায় অবস্থিত। বাংলা বিভাগটিতে পৌঁছতে হলে সিঁড়ি বেয়ে নামতে হবে। বৃক্ষরাজিতে আচ্ছাদিত বাংলা বিভাগটি প্রকৃতির লালিত্যে ছন্দময়। এখানেই প্রথম দেখি তপোধীর ভট্টাচার্য মহাশয়কে। তখন তিনি আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। বাংলা বিভাগ পরিদর্শনে এসেছেন। কিন্তু রাঁচি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগটি আধুনিক। প্রবেশ পথের ত্রিধাবিভক্ত ডানদিকে অধ্যাপকগণের কেবিন। কেবিনের সম্মুখে বিভাগীয় প্রধানের কক্ষ। এর ঠিক বিপরীতেই শ্রেণিকক্ষ। ডানদিকের গলিপথটি গিয়ে ধাক্কা খেয়েছে বিভাগীয় গ্রন্থাগারে। বামদিকের গলিপথের শুরুতেই গার্লস কমনরুম। গার্লস কমনরুমের বিপরীতে টিচার্স কমনরুম। বামদিকের গলিপথটির সমাপ্তি টিচার্স কমনরুমের পার্শ্বস্থিত বিভাগীয় অনুষ্ঠান কক্ষের দ্বারে। আর রবীন্দ্রনাথের আবক্ষ মূর্তির পাশেই দ্বিতীয় শ্রেণিকক্ষ। অতিথিদের মধ্যাহ্নভোজনের ব্যবস্থা গার্লস কমনরুমে। আর সকলের ব্যবস্থা বিভাগীয় অনুষ্ঠান কক্ষে। ততক্ষণে অতিথিদের ভোজন পর্ব শুরু হয়েছে। উঁকি মেরে দেখে নিচ্ছি তাঁদের ভোজন কৌশল। লোভ মানুষকে কত নীচে নামায়। বাংলা সাহিত্য স্রষ্টাদের একপলক দর্শনের লোভে আমারও ঠিক তেমন দশা। তারপর আমরাও মধ্যাহ্নভোজন সেরে নিলাম। ভোজন পর্বের সমাপ্তিতে বাইরে আসতেই দেখি রামকুমারবাবু দু'একজন ছাত্রের সাথে আলাপচারীতায় মগ্ন। শুকদেব বিশ্বভারতীর ছাত্র। আর রামকুমারবাবুও বিশ্বভারতীর গ্রন্থন বিভাগের দায়িত্ব সামলেছেন দীর্ঘদিন। বিশ্বভারতীর রীতি মেনে শুকদেবই রামকুমারবাবুর সাথে আলাপ জমালো 'দাদা' সম্বোধন করে। স্যার নয় দাদা বলাই বিশ্বভারতীর রীতি। আলাপচারীতা পর্বে উনি আমাদের সকলকে নাম ও ঠিকানা জিজ্ঞেস করলেন। তারপর আলোচনায় উঠে এলো 'ধনপতির উপাখ্যান'এর কথা। ছবি তোলার কথা বললে প্রথমেই শ্রীজয় রামকুমারবাবুর পাশে দাঁড়াল। আমি ছবিটি তুললাম। তারপর আমি ও শুকদেব রামকুমারবাবুর দুইপাশে দাঁড়ালে উনি দুই বাহু দ্বারা আমাদের স্নেহের আবেষ্টনীতে এমন আদর করলেন যা চিত্রপটে আজও ধরা আছে। ফোন নং চাইলে তিনি শুধু আমাদের দিলেনই না, সাগ্রহে আমাদের ফোন নং চাইলেন। আমায় বললেন 'সঞ্জয় আমার ফোনে তোমার নং সেভ করে দাও।'

এতক্ষণে সকল অতিথিরাই বাইরে এসেছেন। অতিথিবৃন্দ একত্রিত হলে আমরা অনেকেই তাঁদের ছবি তুললাম। তাঁরাও নিজেদের মধ্যে একটু কথোপকথন সেরে নিয়ে নির্দিষ্ট গাড়িতে গিয়ে চড়লেন। মুহূর্তেই তাঁদের গাড়ি হরিণ হয়ে গেল। আমরা আবার সেন্ট্রাল লাইব্রেরি হলের অভিমুখে যাত্রা শুরু করলাম। আলোচনাচক্রের দ্বিতীয় অধিবেশন শুরু হলো। এতক্ষণ টের পাইনি। কিন্তু এবার পাওয়া গেল, ভাতঘুম কাকে বলে? তাছাড়া গতরাত্রের ট্রেন যাত্রা ও আজকের ছোটাছুটির ধকলে একটু বিশ্রামের প্রয়োজন। কিন্তু এমন আলোচনাচক্র ছেড়ে যাওয়া দায়। তাই থাকতেই হলো। তাছাড়া তৃতীয় অধিবেশনটি ছিল গবেষণাপত্র পাঠের জন্য বরাদ্দ। তৃতীয় অধিবেশনের সভামুখ্য সৌমিত্র বসু মহাশয়। আমরা তিনজনেই তাতে অংশগ্রহন করব। আমার গবেষণাপত্রটির শিরোনাম 'বিংশ শতাব্দীর একাঙ্ক নাটক সংগীত অনুষঙ্গ'। প্রথমদিনের শেষপর্বে সৌমিত্র বসুর রচনা, তত্ত্বাবধায়ন ও পরিচালনায় 'কার কপালে' নাটক মঞ্চস্থ হয়। পরম প্রাপ্তি। সেও এক অপূর্ব সন্ধিক্ষণ। প্রথমদিনের অনুষ্ঠান সূচির সমাপ্তি হলে আমরা রাঁচি কলেজ থেকে টোটো ধরে কাছেরি চকে এলাম। এখানেই প্রথমে গেলাম হোটেল অলোকায় রাত্রিবাসের বন্দোবস্তে। রুম দেখে পছন্দ হয়ে গেল। ২০১ নং রুম। আমরা তিনজন। আমি, শ্রীজয় ও শুকদেব। ফ্রেশ হয় নিলাম। কিছুক্ষণ বিশ্রাম নিয়ে আমরা বেরোলাম। মোড়ের মাথায় একটি ফাস্টফুডের দোকান। সেখানে টিফিন করলাম। আমার একটি নেশা আছে। চায়ের। সেটাও শেষ পর্যন্ত খাওয়া গেল। কানে ধরেছে কথাটি নিশ্চয়। এজন্যই বুঝি বলে বাঙালিরা সর্বভূক। বাঙালিরা চা খায়, হাওয়া খায়, মার খায়, গালিও খায়। কিন্তু হিন্দিভাষী মানুষরা এগুলির অনেক কিছুই খায় না। উলোগ চায়ে পিতে হ্যায়, সিগারেট পিতে হ্যায়, পানি পিতে হ্যায়। চা-পর্ব সমাধা হলে সন্ধান করা গেল হোটেলের। সার্কুলার রোডের ডানদিকে একটি হোটেল নৈশভোজনের ব্যবস্থা করে আমরা ফিরে গেলাম হোটেল অলোকায়। কিছুক্ষণ জিরিয়ে নিলাম। শুকদেব বলল, 'দাদা রাঁচিতে এসেছি, আর দশম ফলস দেখব না।' দশম ফলসের কথা বইতেই পড়েছি। তাছাড়া এখন ষষ্ঠ শ্রেণিতে পড়াতে হয় 'একটি ভূতুড়ে কাণ্ড'। যে গল্পটির কাহিনি বিন্যাস রাঁচি-হুড্রু জলপ্রপাতের রাস্তায় সংঘটিত। যাইহোক সকলের সম্মতিতেই যাওয়া স্থির হল। হোটেল ম্যানেজারকে জিজ্ঞেস করে জেনে নেওয়া গেল দশম ফলসের যাত্রাপথ। নৈশ আহার গ্রহন সম্পন্ন করে দ্রুত বিছানা নিলাম কাকভোরে ওঠার জন্য।

৭ মার্চ মঙ্গলবার। মোবাইলের এলার্মে ঘুম ভাঙল। সময় ভোর পৌনে ৫টা। একে একে সকলেই ফ্রেশ হয়ে নিলাম। বিস্কুট-জল খেয়ে বেরিয়ে পরলাম। কাছেরি চক থেকে দশম ফলসের দূরত্ব ৫০ কিমি। কিন্তু আরেকটি পথে ৩৯ কিমি। প্রথমটি খুন্তি-তাইমারা রোড হয়ে। দ্বিতীয়টি টাটা রোড হয়ে। ব্যক্তিগত গাড়িতে সময় লাগবে আনুমানিক ১ ঘণ্টা ১৫ মিনিট। রুটের বাসে তা প্রায় ১ ঘন্টা ৪৫ মিনিট। যে পথেই যাওয়া যাক না কেন নামতে হবে দশম ফলস রোডে। সেখান থেকে ছোট গাড়িতে কিমি দশেক গেলেই দশম ফলস। রাঁচি শহর ছাড়িয়ে গেলেই মিশকালো পিচ রাস্তার দুইধারে সবুজের ঘেরাটোপ অতিক্রম করে পাহাড়ের হাতছানি আপনাকে ব্যকুল করে তুলবে। পাহাড়িয়া রাস্তার সর্পিল বঙ্কিমতা টানটান উত্তেজনায় আপনাকে করে তুলবে চেতনা রাজ্যের প্রহরী। না, গোয়াহাটি-শিলচর কিংবা শিলচর-আগরতলা বিপদশঙ্কুল সড়কপথে যাওয়ার অভিজ্ঞতা যার হয়েছে তাঁর নিকট রাঁচির যাত্রাপথ তুচ্ছ মনে হবে। তবু দশম ফলস যাওয়ার রাস্তাটিতে আপনি আকর্ষিত হবেনই হবেন। এই রাস্তায় চলতে চলতে আপনি নিজের অজান্তেই গেয়ে উঠবেন 'এই পথ যদি না শেষ হয়/ তবে কেমন হতো'। বাসের কন্ডাক্টরকে আগেই বলে রেখেছিলাম দশম ফলস যাওয়ার রাস্তায় আমাদের নামিয়ে দিতে। সকাল ৭টা নাগাদ আমরা নামলাম দশম ফলস রোডে। শুনশান একটি মোড় এই দশম ফলস রোড। হাতে গোনা দু'একটি দোকান। দু'একটি কাচা বাড়ি। কাচা হলেও বাড়িগুলির পারিপাট্য জানান দিচ্ছে, সেগুলি আদিবাসী জনজাতির। বাড়ির দেওয়াল জুড়ে লোকচিত্রের বিন্যাস। এই বিন্যাস অবশ্য সমগ্র রাঁচি জুড়েই বিদ্যমান। মোড়ের মাথায় একটি মোটর ভ্যান। কিন্তু মোটর ভ্যানে যাতায়াতে যে সময়ের প্রয়োজন তা আমাদের হাতে নেই। আমাদের অবস্থা তখন 'ন যযৌ ন তস্থৌ'। আমাদের চিন্তামগ্ন দেখে এক সহৃদয় ব্যক্তি এগিয়ে এলেন আমাদের সাহায্যার্থে। অগ্রপথিকের ন্যায় একটি বাড়িতে নিয়ে গিয়ে অটোর ব্যবস্থা করে দিলেন। তাঁকে ধন্যবাদ জানিয়ে আমাদের যাত্রা শুরু হলো। মাঝে মাঝে ফাঁকা মাঠ। মাঝে মাঝে জনপদ। আর রাস্তার দুইধারে সমানে শিমুল-পলাশ-শালের বীথি। আমাদের অভ্যর্থনা জানাতে যেন প্রকৃতি মিশকালো পিচ রাস্তা সুসজ্জিত করেছে পলাশ-কুসুমে। ছোট ছোট টিলা ও পাহাড় ডিঙিয়ে আমাদের বাহনটি দেববাহনের ন্যায় এগিয়ে চলে। মাঝে মাঝে গবাদিপশুর দল এগিয়ে আসছে কোনো এক রাখাল বালকের ইশারায়। কিংবা কয়েকটি হাঁস সার বেঁধে পার হচ্ছে রাস্তা। অতিক্রম করছে পর্যটকদের গাড়ী। আমরাও অতিক্রম করছি আদুল গায়ের রোদপোড়া চামড়ার সাইকেল চালককে। অবশেষে আমাদের বাহনটি এসে থামল ঢালাই করা এক চাতালে। সেই চাতালকে ঘিরে খানকতক খাবারের দোকান। চালকসহ আমরা চা-জল খেয়ে নিলাম। চালক বললেন, তিনি এখানেই থাকবেন। তাঁদের নিকট দশম ফলসের কোনো উন্মাদনা নেই। এজন্যই মনে হয় যা প্রতিদিন তা অতি দীন। এজন্যই বুঝি ফরাক্কা ব্যারেজের আকর্ষণ অনুভূত হয় না আমাদের নিকট।

ভানুমামা তখনও শক্তিমান হয়ে ওঠেনি। আর আমরাও শ্রান্ত হইনি। এগিয়ে যেতেই দৃশ্যমান কিছু ছোট ছোট কালো মাথা। অবশ্য চোখের আগেই কানের নিকট পৌঁছে যায় যেকোনো বার্তা। সেসূত্রেই আমাদের শ্রবণেন্দ্রিয়েও ধ্বনিত হচ্ছিল জলপ্রপাতের বিষম রব। 'ভাগীরথীর উৎস সন্ধানে'র কথক যেরূপ 'শিখর-তুষার নিঃসৃত জলধারা বঙ্কিম গতিতে নিম্নস্থ উপত্যকায় পতিত' হতে দেখেছিলেন আমারও ঠিক তেমনই মনে হলো। কাঞ্চি নদীকে ঘিরে এই দশম জলপ্রপাত। ১৪৪ ফুট উঁচু থেকে কাঞ্চির জল ঝাঁপিয়ে পড়ছে সুবর্ণরেখাভিমুখে। যে সুবর্ণরেখা ঝাড়খণ্ড, পশ্চিমবঙ্গ, উড়িষ্যার পথ বেয়ে তালসারির নিকটে বঙ্গোপসাগরে মিলেছে। মোটাদাগে বললে বলতে হয় ৩৯৫ কিমি দীর্ঘ এই সুবর্ণরেখার উৎস দশম ফলস। জঙ্গল-পাহাড় গলাগলি করে অনিন্দ্যসুন্দরী দশম ফলসের লাবণ্যে সকলেই হয়তো 'শেষের কবিতা'র অমিত হতে রাজি। তাই দশম জলপ্রপাতের মাধুরী আপন অঙ্গে শোভনের আশে ভয় কাটাতে আমরাও উদগ্রীব। শরৎ চাটুজ্জের কথায় 'ভয় ও বিপদ মানুষকে সাহসী করে।' সাহসের পাখায় ভর করেই আমরা সিঁড়ি বেয়ে নামতে থাকলাম। বেশকিছুটা নামলেই একটি ভিউ পয়েন্ট। এই ভিউ পয়েন্টে দাঁড়িয়েই উপভোগ করা যাবে জলপ্রপাতের সৌন্দর্য। বর্ষাকালে এই ভিউ পয়েন্ট থেকেই দেখতে হয়। কিন্তু মার্চ মাসে ভিউ পয়েন্ট থেকে নেমে ততদূর যাওয়া যায় যেখানে দশম জলপ্রপাতের মূল জলরাশি আছড়ে পড়ছে ১৪৪ ফুট নীচের শিলাখন্ডে। এস্থলে আসতে হলে আপনাকে ভাঙতে হবে আনুমানিক দুইশত সিঁড়ি। জলপ্রপাতের ঝর্ঝর ধ্বনি নদীপ্রবাহের কলোকাকোলি নয়, সমুদ্রের গর্জনের ন্যায় শ্রবণেন্দ্রিয়ে সপ্তম সুর তোলে। নিম্নদেশে যেতেই বাতাসে ভেসে আসে জলের গুঁড়ো। সিক্ত হয় মন ও শরীর। এক অনাবিল আনন্দে অকাল-বর্ষায় নেচে ওঠে মন-ময়ূর। প্রাপ্তির আনন্দে উথলে ওঠা বাষ্পীভবনে দ্রবীভূত হয় যত ভয়। কিন্তু প্রকৃতির বিপদ-শঙ্কা কাটিয়ে উঠলেও আইনের ভয় বরাবরই ছিল। তাই নিম্নদেশের জল স্পর্শের ঈপ্সা অপূর্ণই থেকে যায়। একটি কাঁটাতার দিয়ে ঘেরা মূল জলাধারটি। সাধারণ বিজ্ঞপ্তি 'ঙ্গথ:ত্ত্ব ণ্ঠদ্র:ত্র'। যেকোনো বাধাঁ দুর্নিবার আকর্ষণের হেতু। তবু স্মৃতিতে জাগে বিজ্ঞানের আকর্ষণী সংজ্ঞা যাই বলুক না কেন ভাষাবিজ্ঞানে বিপ্রকর্ষ বলে একটি তত্ত্ব আছে।

যাইহোক এবারে ওঠার পালা। সিঁড়ি বেয়ে অবতরণের সময় যে স্বাচ্ছন্দ্য গতি থাকে আরোহনের সময় তা থাকে না। তাছাড়া না-পাওয়াকে পাওয়ার আনন্দও দীর্ঘস্থায়ী নয়। তাই কিছুটা ঢিমেতালে চলল আমাদের উত্তরণ। কিন্তু উত্তরণের পরেই আবার পেয়ে গেলাম স্বরবৃত্তের গতি। একটি পর্বের রেশ কাটতে না কাটতেই পুনর্বার শক্তি সঞ্চয়। এবারে উপরিতল থেকে নিম্নদেশ দেখা। এই মার্চমাসের সোনালী রোদেও দেখা মিলল দু'একটি চড়ুইভাতি দলের। বিশালাকার পাথর খন্ড পেরিয়ে যাচ্ছি জিগজ্যাগ কায়দায়। এই প্রস্তরখণ্ডগুলি থেকে অনতিদূরে সবুজের অবগাহন। নিকটে গিয়ে কাঞ্চী নদীর প্রবাহ পতনের এই দৃশ্য দেখার পর স্মৃতিতে কড়া নাড়ছিল 'চাঁদের পাহাড়'। ভয়ঙ্কর সুন্দর দৃশ্য। কবিগুরুর পংক্তি ঋণ করে বলি, আমি চোখ মেললুম নিম্নদেশে/ দেখলুম ঝরনার অপরূপ ক্যানভাস/ প্রবাহিত সম্মুখে।

জলের বুকে সূর্যের ছটায় রামধনু দেখা যায়। ছোট বড় প্রস্তরের পাশ কাটিয়ে কাঞ্চীধারা সমুখপানে এগিয়ে যাচ্ছে শুক্রানুর গতিতে সুবর্ণরেখার সরণি বেয়ে বঙ্গোপসাগরের গর্ভাশয়ে। পতনের প্রতিক্রিয়ায় সফেদ ফেনিল জলরাশি গুঁড়ো হয়ে মিশে যাচ্ছে বায়ুপ্রবাহে। জলপ্রপাতের শীর্ষদেশে আমি যেন মহাদেব হওয়ার ভান করছি। যেন সকলি সংঘটিত আমারই অঙ্গুলি হিলনে। এমন সময়ে শ্রীজয় বলল, 'আর নয় এবারে যেতে হবে।' এখানে শেষ ছবিটি যখন তোলা হলো বাস্তবের ঘড়িতে তখন সকাল ১০টা ৩৭ মিনিট। সত্যিই হাতে আর সময় নেই । ফিরতে হবে রাঁচিতে। কেননা আজ জাতীয় আলোচনা চক্রের দ্বিতীয় দিন।

সচরাচর প্রাপ্তির আনন্দেও অতৃপ্তির গুঞ্জন দাঁড় করায় না-প্রাপ্তির কিনারায়। স্বভাবতই আকর্ষণ বাড়ে বহুগুনে। তাই ফেরার পথও আমার নিকট সমান আকর্ষণের। সত্যি কথা বলতে দশম ফলসের গ্রামীণ পথ অতীব সুন্দর। শহুরে আভিজাত্যের গগনচুম্বী অট্টালিকা এখানে প্রকৃতির সৌন্দর্যকে আড়াল করার নেশায় এখনও মেতে ওঠেনি। পরিবেশ দূষণের যথেচ্ছাচার এখানে অনুপস্থিত। অটো করেই ফিরতি পথে পৌঁছে যাওয়া গেল দশম ফলস রোড মোড়ে। সেখান থেকে পাবলিক বাসে রাঁচি। আমরাও সটান সেন্ট্রাল লাইব্রেরি হলে। ঘড়ির কাঁটায় তখন দুপুর ১টা চল্লিশ। মঞ্চে তোড়জোড়। সাউন্ড মাস্টার টেস্ট করে নিচ্ছেন। মঞ্চে এখন মাত্র দু'জন। কিংবদন্তি মনোজ মিত্রবাবু এবং বিভাস চক্রবর্তী মহাশয়। হ্যালো, মাইক টেস্টিং হ্যালো, ওয়ান, টু, থ্রি, ফোর। হ্যালো, হ্যালো। সাউন্ড মাস্টার মঞ্চ থেকে নেমে এলেন ডানদিকের সিঁড়ি বেয়ে। প্রস্তুতি সারা। দু'জনের সামনে দু'টি বই। সংলাপ পাঠ করবেন মনোজবাবু ও বিভাসবাবু। মনোজবাবুর ডানদিকে দাঁড়িয়ে সমস্ত প্রক্রিয়াটিকে মোবাইলবন্দী করছেন শ্রুতিনাথ চক্রবর্তী মহাশয়। আর সঞ্চালকের ডায়াসে কনুইয়ে ভর দিয়ে সদাহাস্যময়ী শুভ্রা চ্যাটার্জী (বিভাগীয় প্রধান) প্রাণ ভরে আত্মস্থ করছেন এই ঐতিহাসিক মুহূর্ত। গতকালকের পোষাকেই আছেন মনোজবাবু। পরিবর্তন শুধুমাত্র টুপির রঙে। আজ তিনি ডার্ক কফি কালারের টুপি পড়েছেন। বিভাসবাবু গতকাল কোন পোশাকে ছিলেন খেয়াল নেই। কিন্তু আজ তিনি কালো প্যান্টের ওপর স্কাই ব্লু কালারের পাঞ্জাবি। তার ওপর চড়ানো আছে খাদির জহরকোট। ঘিয়ে রঙের ওপর কালোর আঁচড় দেওয়া। চোখে চশমা। সাদা চুল ও গোঁফ দাড়িতে তাঁকেও মানিয়েছে বেশ। বিভাস চক্রবর্তী ও মনোজ মিত্র মহাশয়ের যৌথ প্রয়াসে 'সাজানো বাগানে'রই সংলাপ পাঠ প্রত্যক্ষ শ্রবণের মুহূর্ত আমৃত্যু ভোলার নয়। এই পাওয়া ভুলে যেতে সাহায্য করে জীবনে অনেক না পাওয়ার বেদনাকে। মধ্যাহ্নভোজন বিরতির পর দ্বিতীয় অধিবেশনে কলকাতার রবীন্দ্র সংগীত শিল্পী চিত্রিতা গাঙ্গুলী পরিবেশন করলেন রবীন্দ্র নাটকের নির্বাচিত গান। আলোচনাচক্রে উপস্থিত সকল শ্রোতার হৃদয় হরণ করলেন সুমধুর বাঁশির সুরে সমীর শেঠ মহাশয়। যেন কৃষ্ণ কানহাইয়া। সেই সুর 'কানের ভিতর দিয়া মরমে পশিল'। সবমিলিয়ে এই দু'দিনের আয়োজনে প্রাপ্তির ঝাঁপি কানায় কানায় পূর্ণ। অভিজ্ঞ সুকদেব কানে কানে বলল, 'দাদা, চলো, এবারে শংসাপত্র সংগ্রহ করি। তাছাড়া আমাদের ট্রেনের সময়ও হয়ে এসেছে। ঘড়িতে তখন ৫টা বাজতে দশ। সত্যিই এবার বেরোতেই হবে। সন্ধ্যে ৭টা ১০ মিনিটে রাঁচি-ভাগলপুর বনাঞ্চল এক্সপ্রেসে আমাদের টিকিট আছে স্লিপার ক্লাসে। যেখানে রেজিস্ট্রেশন করেছিলাম সেখানেই পেয়ে গেলাম ব্রজবাবুকে। সংগ্রহ করলাম শংসাপত্র। বিভাগীয় প্রধান অধ্যাপিকা ড. শুভ্রা চ্যাটার্জী মহাশয়ার সাথে সৌজন্যবার্তা সম্পাদন করে বেরিয়ে পড়তেই হলো আমাদের। সেন্ট্রাল লাইব্রেরি থেকে হোটেল অলোকার দূরত্ব খুব বেশী নয়। টোটোতে পৌঁছে গেলাম হোটেল অলোকায়। হোটেলের বিল আগেই মেটানো ছিল। তাই রুম থেকে লটবহর নিয়ে দ্রুত হোটেল ছাড়লাম, ম্যানেজারের হাতে রুমের চাবি ধরিয়ে দিয়ে। কাছেরি চকে একটু অপেক্ষা করতেই পেয়ে যাই অটো। একই অটোতে স্টেশন পৌঁছানো যাবে ভেবে আশ্বস্ত হলাম। কিন্তু অফিস ফেরত সময়ে ট্র্যাফিক জ্যাম আমাদের কপালে ফেলল চিন্তার ভাঁজ। শহিদ চক হয়ে নিউক্লিয়াস মোড়ে পৌঁছতেই ব্যয় হল অনেকটা সময়। তারপর কিছুটা স্বস্তি মিলল। সময়মতো পৌঁছে গেলাম রাঁচি স্টেশনে। সময়ের কচকচানি এখন আর নেই। তাই স্টেশনের বাইরেই একটু চা-পান করা গেল। এখানে দাঁড়িয়ে দাঁড়িয়েই অনুসন্ধিৎসু নয়নযুগল ফিল্মি কায়দায় ১৮০ ডিগ্রি ঘুরে নিল। একটা বিশেষত্ব নজর কাড়লো। সবরকম ফাস্টফুডই সার্ভ করছে কাচা শালপাতায়। সমগ্র রাঁচি জুড়েই এদৃশ্য সুলভ।

তাই পশ্চিমবঙ্গের সমস্ত তথা জেলা শহরগুলিতে থার্মোকল ও প্লাস্টিকের আবর্জনা যেভাবে ড্রেনের গতিরোধ করে এখানে তেমনটা নয়। কাচা শালপাতা পচনশীল। ফলে দূষণের মাত্রাও কম। স্টেশনের মূল প্রবেশদার দিয়ে আমরা পৌঁছলাম এক নম্বর প্লাটফর্মে। এক নম্বর প্লাটফর্ম লাগোয়া হোটেলেই সেরে নিলাম নৈশভোজন। রাঁচির হোটেলগুলিতে ভাতের মেনুতে একটি আবশ্যক পদ রাইতা। ইতিপূর্বে ২০০৭/০৮ খ্রীষ্টাব্দে একবছর আসামে কাটাতে হয়েছিল। সেখানকার হোটেলগুলিতে ভাতের মেনুতে আবশ্যিক পদ শুটকি মাছের চাটনি। পদটির পোশাকি আঞ্চলিক নাম সিদল। আর একটি বস্তু আমি রাঁচি স্টেশনেই প্রথম দেখলাম। যার পোশাকি নাম WVM. অর্থাৎ Water Vending Machines. যথাসময়ে ট্রেন আসলে আমরা ট্রেনে উঠে পরলাম।

যথা সময়েই ট্রেন ছাড়ল। একঘেয়ে দৈনন্দিন জীবনের দুটো দিন অন্যভাবে কাটাতে পেরে নিজেকে সৌভাগ্যবান মনে হলো। জীবন ডায়েরির কয়েকটি পৃষ্ঠায় স্বর্ণালী অধ্যায় রচনার অবকাশ দেওয়ার ধন্যবাদ রাঁচি। বাই বাই।